দেখে জনম সফল কর রে,
দেখ রে ?

কথা :—মধু এই আমি তোমার বাসনা পূর্ণ করলাম, তোমার আর এ ভবে জন্ম নিতি হবে না। অদ্যাবধি তোমার বংশ মধুময়রা বংশে পরিণত হবে। এখন আমার কার্য্য সমাধা করে দেও। তখন মধু প্রভুর ক্ষৌরকার্য্য করতে আরম্ভ করলেন। মধু প্রভুর শ্রীপদ ধরে কেন্দে কেন্দে বলছিছে,—

পদ তোরা চান্দ নিবি কে আয়,
তোরা আয় রে কাটোয়াবাসী
চান্দের গাছে চান্দ ধরেছে চান্দের ছড়াছড়ি নদীয়ায়।

কথা :—মধু এই প্রকার ভাবাবেশে শ্রীপাদপদ্মের নখ ছেদন করে মস্তক মণ্ডন করতে উদ্যত হয়েছে। মধু প্রভুর চাঁচর কেশে হস্ত সঞ্চালন করে কাঁদতে লাগ্‌ল।

পদ কি হল কি হল বলে, ক্ষুর আর নাহি চলে,
নাপিত কান্দয়ে উভরায়।
সকলে কান্দে
প্রভুর মুখ চেয়ে সকলে কান্দে।
কি হল কি হল বলে সকলে কান্দে ॥

কথা :—প্রভু আমার মস্তক মুণ্ডন করে গঙ্গাস্নান করে আর্দ্র বসনে এসে দাঁড়ায়েছেন।

পদ অরুণ দুখানি কানি, ভারতী দিলেন আনি,
আরও দিল একটী কৌপীন।
মস্তকে পরশ করি, পরিলেন গৌরহরি,
আপনাকে মানি অতি দীন।
আমায় দয়া কর,
এইবার আমায় দয়া কর
তোমার চরণে শরণ নিলাম,
এইবার মোরে দয়া কর।

ভারতী বলছেন— )
বল কে কার গুরু,
তুমি বট জগৎগুরু

কথা :—ভারতী মনে মনে ভাবছেন, দেখ রে জগৎবাসিগণ, আজ সকলেই দেখ। আজ গোলোকবিহারী হরি আমার কাছে সন্ন্যাস গ্রহণ করবার জন্য কত কাকুতি মিনতি করছেন। যার ইচ্ছায় সৃষ্টি স্থিতি প্রলয়, বলি সেই ইচ্ছাময় কি না ভারতীর নিকট কাতরোক্তি করছেন। যার নামের অন্ত নেই - সেই হরিকে আমি কি মন্ত্র দিয়ে দীক্ষিত করবো।

প্রভু ভারতীর মনের ভাব বুঝতে পেরে সেই মহামন্ত্র বাদ ভারতীকে প্রদান করলেন।

পদ বলে দিল,

ভারতীর কর্ণমূলে বলে দিল

সেই মহামন্ত্র হরিনাম কর্ণমূলে বলে দিল।

ভারতী সেই নাম পুনর্ব্বার প্রভুর কর্ণে প্রদান করলেন।

শ্রীশচীন্দ্রনাথ মুখোপাধ্যায়।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

## পঞ্চত্রিংশ সাংবৎসরিক কার্য্যবিবরণ

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বর্ত্তমান ১৩৩৬ বঙ্গাব্দে ষট্‌ত্রিংশ বর্ষে পদার্পণ করিল। নিম্নে পঞ্চত্রিংশ বর্ষের সংক্ষিপ্ত কার্য্যবিবরণ লিপিবদ্ধ হইল।

বান্ধব

আলোচ্য বর্ষে পরিষদের বান্ধবের সংখ্যার কোন পরিবর্ত্তন হয় নাই। নিম্নলিখিত তিন জন বান্ধবই পরিষদের গৌরব বর্দ্ধন করিতেছেন,—মহারাজ স্যর শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, মহারাজ শ্রীযুক্ত রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর, মহারাজাধিরাজ স্যর শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাব বাহাদুর।

সদস্য

বর্ষারম্ভে বিভিন্ন শ্রেণীতে ৯৫৮ জন সদস্য ছিলেন।

(ক) বিশিষ্ট-সদস্য——৯

(খ) আজীবন-সদস্য——৫

(গ) অধ্যাপক-সদস্য——৫

(ঘ) মৌলভী-সদস্য——০

(ঙ) সহায়ক-সদস্য——২১

(চ) সাধারণ-সদস্য——৯১৮

কলিকাতা——৩৮৫

মফস্বল——৫৩৩

৯১৮

৯৫৮

বর্ষমধ্যে (ক) বিশিষ্ট, (খ) আজীবন ও (গ) অধ্যাপক-সদস্যের সংখ্যার কোন পরিবর্ত্তন হয় নাই। একজন বিশিষ্ট-সদস্য ও পাঁচ জন অধ্যাপক-সদস্য নির্ব্বাচনের প্রস্তাব আসিয়াছে, অদ্য তাঁহাদের নির্ব্বাচনের প্রস্তাব উপস্থিত করা হইবে।

(ঙ) আলোচ্য বর্ষের প্রারম্ভে ২১ জন সহায়ক-সদস্য ছিলেন। বর্ষমধ্যে একজনের মৃত্যু হইয়াছে এবং ৩ জন নূতন সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। এই জন্য বর্ষশেষে এই শ্রেণীর সদস্য-সংখ্যা

২৩ হইয়াছে। তন্মধ্যে চারি জনের স্থিতিকাল এই বর্ষে শেষ হইয়াছে। তিনজন নূতন ও তিন জন পুরাতন সদস্যের যথাক্রমে নির্ব্বাচনের এবং পুনর্নির্ব্বাচনের প্রস্তাব অদ্য আলোচিত হইবে।

সহায়ক-সদস্যের মধ্যে প্রবীণ সাহিত্যিক বাণীনাথ নন্দী মহাশয়ের পরলোকপ্রাপ্তি হইয়াছে। তিনি সুদীর্ঘ কাল ধরিয়া নানা বিষয়ে পরিষদের সহায়তা করিয়া গিয়াছেন। পরিষৎ তাঁহার নিকট বিশেষভাবে ঋণী। সহায়ক-সদস্য শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত অন্নদাকুমার তন্ত্ররত্ন ও শ্রীযুক্ত যতীন্দ্রনাথ মল্লিক মহাশয় নানা ভাবে আলোচ্য বর্ষে পরিষৎকে সাহায্য করিয়াছেন।

(চ) সাধারণ-সদস্য। আলোচ্য বর্ষের প্রারম্ভে কলিকাতাবাসী ৩৮৫ জন সদস্য ছিলেন। তন্মধ্যে ১ জন সহায়ক-সদস্য-শ্রেণীভুক্ত হইয়াছেন এবং ৬ জনের মৃত্যু হইয়াছে ও ১৩ জন মফস্বলে গিয়াছেন। ২৮ জন নূতন সদস্য-শ্রেণীভুক্ত হইয়াছেন। তদ্ব্যতীত কতিপয় সদস্য পূর্ব্ব বৎসরে চাঁদা বৃদ্ধির জন্য ও অন্য কারণে কিছু দিন সদস্য-পদ ত্যাগ করিয়াছিলেন। তাঁহাদের মধ্যে ৩৩ জন পুনরায় সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। এই সকল পরিবর্ত্তনাদির পর বর্ষশেষে কলিকাতাবাসী সদস্য-সংখ্যা ৪২৬ হইয়াছে।

মফস্বলবাসী সদস্যগণের সংখ্যা বর্ষারম্ভে ৫৩৩ ছিল। বর্ষমধ্যে ১৬ জনের মৃত্যু হইয়াছে। পূর্ব্বোক্তরূপ পূর্ব্বসদস্য ২৮ জন পুনরায় সদস্য-পদ গ্রহণ করিয়াছেন এবং ১৯ জন নূতন সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। এবং ১৩ জন কলিকাতা হইতে মফস্বলে আসিয়াছেন। এই সকল সংখ্যার যোগ বিয়োগ করিয়া বর্ষশেষে মফস্বলবাসী সদস্য-সংখ্যা ৫৭৭ হইয়াছে।

অতএব বর্ষশেষে শ্রেণীভেদে পরিষদের সদস্য-সংখ্যা নিম্নোক্তরূপ দাঁড়াইয়াছে—

(ক) বিশিষ্ট-সদস্য——৯
(খ) আজীবন-সদস্য——৫
(গ) অধ্যাপক-সদস্য——৫
(ঘ) মৌলভী-সদস্য——০
(ঙ) সহায়ক-সদস্য——২৩
(চ) সাধারণ-সদস্য——১০০৩
কলিকাতা—৪২৬
মফস্বল—৫৭৭
১০০৩
১০৪৫

আলোচ্য বর্ষে ৯৭ জন নূতন সাধারণ-সদস্য প্রস্তাবিত হইয়াছিলেন। তন্মধ্যে ৩৩ জন সদস্য-পদ স্বীকার করিয়াছেন। ৬৪ জনের নিকট হইতে কোনরূপ উত্তর পাওয়া যায় নাই। এতদ্ব্যতীত পূর্ব্ববৎসরে প্রস্তাবিত সদস্যের মধ্যে ১৪ জন সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। সদস্য প্রস্তাব-

কর্ত্তৃগণকে অনুরোধ, যেন তাঁহারা তাঁহাদের প্রস্তাবিত ব্যক্তির সম্মতি ব্যতিরেকে পরিষদের সাধারণ অধিবেশনে তাঁহাদের নাম প্রস্তাব না করেন। উক্ত ৬৪ জনের নিকট হইতে চাঁদা ও প্রবেশিকাদি পাইলে পরিষদের নিশ্চয়ই বলবৃদ্ধি হইবে। যে সকল প্রস্তাবিত সদস্য তাঁহাদের প্রবেশিকাদি এখনও পাঠান নাই, তাঁহাদিগকে অনুরোধ, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়া মাতৃভাষা ও সাহিত্যের উন্নতি বিধানে পরিষৎকে সাহায্য করিবেন।

### পরলোকগত সদস্যগণ

নিম্নলিখিত সদস্যগণ আলোচ্য বর্ষে পরলোকগমন করিয়াছেন, পরিষৎ এই জন্য বিশেষ দুঃখিত এবং তাঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের নিকট সমবেদনা জানাইতেছেন।

সহায়ক-সদস্য—

১। বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ ( কলিকাতা )

সাধারণ-সদস্য—

১। অতুলকৃষ্ণ সিংহ বি এল ( হাওড়া )
২। অনঙ্গমোহন পাল ( কলিকাতা )
৩। রায় উপেন্দ্রনাথ কাঞ্জিলাল বাহাদুর এফ এস এল ( শিলং )
৪। উপেন্দ্রনারায়ণ দত্ত গুপ্ত বি এ, বি টি ( কটক )
৫। কুঞ্জবিহারী মুখোপাধ্যায় বি এল ( খুলনা )
৬। মহারাজ ক্ষৌণীশচন্দ্র রায় বাহাদুর ( কৃষ্ণনগর )
৭। গণেন্দ্রনাথ পণ্ডিত ( রঙ্গপুর )
৮। গৌরচন্দ্র রায় ( দিল্লীদেওয়ানগঞ্জ, কাটিহার )
৯। চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় ( বাগাঁচড়া, শান্তিপুর )
১০। চিন্তামণি ঘোষ ( এলাহাবাদ )
১১। তারাসুন্দর রায় বি এল ( গাইবান্ধা )
১২। রায় নলিনীনাথ শেঠ বাহাদুর ( কলিকাতা )
১৩। নিতাইচরণ রায় ( হাওড়া )
১৪। মণীন্দ্রনাথ ঘোষ ( চুঁচুড়া )
১৫। যতীন্দ্রমোহন ঘোষ বি এল ( কলিকাতা )
১৬। যোগেনচন্দ্র দত্ত এম এ, বি এল, এটর্নি ( কলিকাতা )
১৭। শ্যামলানন্দ মুখোপাধ্যায় বি এল ( রামপুরহাট )
১৮। শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় বি এ ( কলিকাতা )
১৯। সতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ( গঙ্গাটিকুরী, বর্দ্ধমান )
২০। সতীশরঞ্জন দাস এম এ, ব্যারিষ্টার ( দিল্লী )

২১। নবাব সৈয়দ নবাব আলী চৌধুরী খান বাহাদুর, সি আই ই (কলিকাতা)

২২। সোমনাথ রায় ( জাড়া, মেদিনীপুর )

পরলোকগত সাহিত্যসেবী ও বন্ধুগণ

পূর্ব্বোক্ত সদস্যগণ ব্যতীত নিম্নলিখিত সাহিত্যসেবিগণ আলোচ্য বর্ষে পরলোকগমন করিয়াছেন। ইঁহাদের মধ্যে অনেকেই পূর্ব্বে পরিষদের সদস্য ছিলেন।

(ক) ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যকণ্ঠ

(খ) পীযূষকান্তি ঘোষ

(গ) মণিলাল গঙ্গোপাধ্যায়

(ঘ) মহেন্দ্রনাথ বরণ

(ঙ) যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম এ, বি এল

(চ) যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ, এফ আর হিষ্ট্ এস্

(ছ) রসময় লাহা

(জ) রাজেন্দ্রকুমার শাস্ত্রী

অধিবেশন

(ক) বার্ষিক অধিবেশন

১০ই জ্যৈষ্ঠ চতুস্ত্রিংশ বার্ষিক অধিবেশন হয়। পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। চারি জন সাহিত্যিকের চিত্র-প্রতিষ্ঠা, একজন সদস্যের পরলোক-গমনে শোক-প্রকাশ ও একটি প্রস্তর-মূর্ত্তি প্রদর্শনের পর ৩৪শ বার্ষিক কার্য্যবিবরণ ও বার্ষিক আয়-ব্যয়-বিবরণ গৃহীত হয় এবং ৩৫শ বর্ষের বজেট বিজ্ঞাপিত হয়। তৎপরে ৩৫শ বর্ষের কর্ম্মাধ্যক্ষ নির্ব্বাচনান্তে কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য নির্ব্বাচন-সংবাদ বিজ্ঞাপিত হয়।

(খ) মাসিক অধিবেশন

আলোচ্য বর্ষে ১০টি মাসিক অধিবেশন হইয়াছিল।

১। প্রথম মাসিক, ৬ই শ্রাবণ, রবিবার। সভাপতি—শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ। প্রবন্ধ—(ক) গান্ধী সাহেবের গান—রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, (খ) শব্দসংখ্যা-লিখন-প্রণালী—ডাঃ শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি এস্-সি।

২। দ্বিতীয় মাসিক, ৩রা ভাদ্র, রবিবার। সভাপতি—শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ। প্রবন্ধ—(ক) প্রাচীন ধূয়া-সংগ্রহ ( ১ম অংশ )—শ্রীযুক্ত রমেশ বসু এম এ, (খ) বাঙ্গালায় বর্গীর হাঙ্গামার প্রাচীনতম বিবরণ—শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ।

৩। তৃতীয় মাসিক, ৩১এ ভাদ্র, রবিবার। সভাপতি—মহারাজ স্যর শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর। প্রবন্ধ—(ক) বাঙ্গালা ভাষার উপাদান ও গ্রাম্য শব্দসঙ্কলন—ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার

চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, (খ) বৈদিক ও পৌরাণিক শিশুমার—ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি।

৪। চতুর্থ মাসিক, ৭ই আশ্বিন, রবিবার। সভাপতি ডাঃ শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস্ সি। প্রবন্ধ—(ক) কবিরাজ গোবিন্দদাস—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত, (খ) কঙ্কেলি পুষ্প—শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন।

৫। পঞ্চম মাসিক, ২১এ আশ্বিন, রবিবার। সভাপতি ডাঃ শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস্-সি। প্রবন্ধ—(ক) উড়িষ্যায় বাগুলী—শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন কাব্যতীর্থ এম এ, (খ) শ্রীকর নন্দী, বিজয় পণ্ডিত ও সঞ্জয় কবির মহাভারত (আলোচনা)—শ্রীযুক্ত সুধীরকুমার সেন এম এ।

৬। ষষ্ঠ মাসিক, ১৬ই অগ্রহায়ণ, রবিবার। সভাপতি রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। প্রবন্ধ—রামগিরি—শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল।

৭। সপ্তম মাসিক, ২৩এ অগ্রহায়ণ, রবিবার। সভাপতি রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। প্রবন্ধ—বার্ত্তা, প্রাচীন হিন্দু ধনবিজ্ঞান—ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ ডি।

৮। অষ্টম মাসিক, ১০ই মাঘ, রবিবার। সভাপতি শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ। প্রবন্ধ—কয়েকজন প্রাচীন গীতিকারের কালনির্ণয়—ডাঃ শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য এম এ, পি-এচ ডি।

৯। নবম মাসিক, ৫ই ফাল্গুন, রবিবার। সভাপতি শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ। প্রবন্ধ—ময়মনসিংহ কিশোরগঞ্জের গ্রাম্য-সঙ্গীত—শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ তারাসিদ্ধান্তবিনোদ বি এল।

১০। দশম মাসিক, ২৪এ চৈত্র, রবিবার। সভাপতি শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ। প্রবন্ধ—প্রাচীন ধ্রুয়া-সংগ্রহ (২য় অংশ)—শ্রীযুক্ত রমেশ বসু এম এ।

### (গ) বিশেষ অধিবেশন

আলোচ্য বর্ষে ১৫টি বিশেষ অধিবেশন হইয়াছিল।

১। প্রথম বিশেষ, ২৩এ জ্যৈষ্ঠ, বুধবার। রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের বার্ষিক স্মৃতি-সভা। সভাপতি হইয়াছিলেন—রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। শ্রীযুক্ত নলিনীকান্ত সরকার মহাশয় স্বরচিত সঙ্গীত গান করেন। শ্রীযুক্ত গিরিজাকুমার বসু, শ্রীযুক্ত প্যারীমোহন সেন গুপ্ত ও শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ মহাশয়গণ কবিতা পাঠ করেন এবং অধ্যাপক শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ এবং শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম এ, এফ জি এস মহাশয় প্রবন্ধ পাঠ করেন। শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম এ, শ্রীযুক্ত অমৃতলাল বসু, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ মুখোপাধ্যায় এম এ, বি এল, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ এবং সভাপতি মহাশয় বক্তৃতা করেন।

২। দ্বিতীয় বিশেষ, ১৫ই আষাঢ়, শুক্রবার। মাইকেল মধুসূদন দত্ত মহাশয়ের বার্ষিক স্মৃতি-উৎসব ও বিশেষ অধিবেশন। প্রাতে শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয়ের নেতৃত্বে সমাধি

ক্ষেত্রে সাহিত্যিকগণ সমবেত হইয়া কবির স্মৃতির উদ্দেশে শ্রদ্ধাঞ্জলি প্রদান করিয়া, সমাধিস্তম্ভ পুষ্পমাল্যে সুশোভিত করেন। অপরাহ্ণে পরিষদ্ মন্দিরে রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুরের সভাপতিত্বে বিশেষ অধিবেশন হয়। বঙ্গীয়-নাট্য-পরিষদের সভ্য শ্রীযুক্ত সিদ্ধেশ্বর মুখোপাধ্যায় মহাশয় গান করিলে পর শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ মহাশয়ের এবং শ্রীযুক্তা স্বর্ণলতা দেবী মহাশয়ার কবিতা পঠিত হয়। সভাপতি মহাশয় ও শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় বক্তৃতা করেন। সভাস্থলে কতিপয় সদস্য কবির সহধর্ম্মিণী হেন্‌রিয়েটার সমাধি-বেষ্টনী নির্ম্মাণের ও সাগরদাঁড়ীতে কবির স্মৃতি-স্তম্ভ নির্ম্মাণের জন্য চাঁদার প্রতিশ্রুতি দেন। সভাস্থলে কিছু চাঁদা আদায় হয়।

৩। তৃতীয় বিশেষ, ২০এ শ্রাবণ, রবিবার। সভাপতি হইয়াছিলেন রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। ডাক্তার রায় শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বাহাদুর বি এ, ডি লিট মহাশয় "অপ্রকাশিত গীতি-সাহিত্যের কয়েকটি নমুনা" বিষয়ে প্রবন্ধ পাঠ করেন।

৪। চতুর্থ বিশেষ, ৯ই অগ্রহায়ণ, রবিবার। সভাপতি স্যর শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহাশয়। এই অধিবেশনে রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর রাঁচীনিবাসী শ্রীযুক্ত সুকুমার হালদার বি এ মহাশয়-প্রদত্ত মহাত্মা রাজা রামমোহন রায়ের কেশগুচ্ছ প্রদর্শন করিয়া, মহাত্মার বিষয়ে আলোচন করেন। শ্রীযুক্তা হেমলতা দেবী মহাশয়া রাধানগরে রামমোহন রায় স্মৃতিমন্দিরের ভিত্তি প্রতিষ্ঠার জন্য যে রৌপ্য-নির্ম্মিত কর্ণিক উপহার পাইয়াছিলেন, তাহা তিনি পরিষৎকে এই সভায় দান করেন। তৎপরে সভাপতি মহাশয়, শ্রীযুক্ত মন্মথমোহন বসু ও শ্রীযুক্ত নারায়ণচন্দ্র মৈত্র মহাশয় কিছু কিছু বলেন।

৫। পঞ্চম বিশেষ, ২৯এ অগ্রহায়ণ, শনিবার। সভাপতি রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। এই অধিবেশনে ৺ বাণীনাথ নন্দী মহাশয়ের জন্য শোক প্রকাশ করা হয়। সভাপতি, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত অমৃতলাল বসু, শ্রীযুক্ত শৈলেন্দ্রকৃষ্ণ লাহা এম এ, বি এল, শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায়, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ শেঠ এম এ, বি এল, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম কবিভূষণ মহাশয় ৺ বাণীবাবুর বিষয়ে আলোচনা করেন। সভায় তাঁহার স্মৃতিরক্ষার প্রস্তাব গৃহীত হয়।

৬। ষষ্ঠ বিশেষ, ১৪ই পৌষ, শনিবার। সভাপতি শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ তারাসিদ্ধান্তবিনোদ বি এল। শ্রীযুক্ত সতীশচন্দ্র গুহ ঠাকুর মহাশয় "গ্রন্থাগার-ব্যবস্থা" বিষয়ে বক্তৃতা করেন।

৭। সপ্তম বিশেষ, ২১এ পৌষ, শনিবার। সভাপতি শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম এ, বি এল। এই অধিবেশনে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় "রামেশ্বরী সত্যনারায়ণ" বিষয়ে প্রবন্ধ পাঠ করেন।

৮। অষ্টম বিশেষ, ৭ই মাঘ, রবিবার। সভাপতি স্যর শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী। এই অধিবেশনে পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সভাপতি স্বর্গীয় স্যর আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের তৈলচিত্র প্রতিষ্ঠা হয়। রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত,

ডাঃ শ্রীযুক্ত শরচ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় এম এ, ডি এল, শ্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্য্য এম এ, বি এল, শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত রেভারেণ্ড এ দস্তাইন, শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু এম এ ও সভাপতি মহাশয় স্বর্গীয় স্যর আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের গুণাবলী আলোচনা করেন।

৯। নবম বিশেষ, ২১এ মাঘ, রবিবার। সভাপতি শ্রীযুক্ত প্রমথ চৌধুরী এম এ। এই অধিবেশনে ৺ দ্বিজেন্দ্রনারায়ণ বাগচী এম এ মহাশয়ের তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়। এই চিত্র তাঁহার পুত্র শ্রীযুক্ত দ্বিপেন্দ্রনারায়ণ বাগচী মহাশয় দান করেন। শ্রীযুক্ত কালিদাস রায় কবিশেখর বি এ "দ্বিজেন্দ্রনারায়ণের একতারা" এবং শ্রীযুক্ত কিরণ রায় মহাশয় "কবি দ্বিজেন্দ্রনারায়ণ" নামক প্রবন্ধ পাঠ করেন, শ্রীযুক্ত নরেন্দ্র দেব ও শ্রীযুক্ত সাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায় মহাশয়দ্বয় কবিতা পাঠ করেন এবং রায় শ্রীযুক্ত জলধর সেন বাহাদুর, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম কবিভূষণ ও সভাপতি মহাশয় কবির বিষয়ে আলোচনা করেন।

১০। দশম বিশেষ, ৫ই ফাল্গুন, রবিবার। সভাপতি অধ্যাপক শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ। এই অধিবেশনে অধ্যাপক ডক্টর শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি এস্-সি মহাশয় "অক্ষর-সংখ্যা-প্রণালী" বিষয়ে প্রবন্ধ পাঠ করেন।

১১। একাদশ বিশেষ, ২রা চৈত্র, শনিবার। সভাপতি রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। এই অধিবেশনে গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-ভাণ্ডারের অর্থ হইতে শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় মহাশয়-প্রদত্ত স্বর্গীয় ডাক্তার রাধাগোবিন্দ কর মহাশয়ের তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়। শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত ডাঃ যতীন্দ্রনাথ মৈত্র এম বি ও শ্রীযুক্ত সুরেশচন্দ্র সেনগুপ্ত মহাশয় স্বর্গীয় কর মহাশয়ের বিষয়ে আলোচনা করেন এবং সভাপতি মহাশয় একটি প্রবন্ধ পাঠ করেন।

১২। দ্বাদশ বিশেষ, ৪ঠা চৈত্র, সোমবার। সভাপতি শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর। এই অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় "সরস্বতী" বিষয়ে তৃতীয় বক্তৃতা করেন এবং ম্যাজিক্ ল্যাণ্টার্ণের সাহায্যে সরস্বতীমূর্ত্তির কতিপয় ছায়াচিত্র প্রদর্শন করিয়া তাঁহার বক্তব্য বিষয় ব্যাখ্যা করেন।

১৩। ত্রয়োদশ বিশেষ, ৮ই চৈত্র, শুক্রবার। সভাপতি শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ। এই অধিবেশনে অধ্যাপক ডাঃ শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র ডি এস্ সি মহাশয় "জড়ের উপাদান" (Constitute of Matter) বিষয়ে বক্তৃতা করেন এবং বৈজ্ঞানিক যন্ত্র সহযোগে পরীক্ষার দ্বারা ও ম্যাজিক্ ল্যাণ্টার্ণের সাহায্যে ছায়াচিত্র প্রদর্শন দ্বারা তাঁহার বক্তব্য বিষয় বুঝাইয়া দেন।

১৪। চতুর্দ্দশ বিশেষ, ১৯এ চৈত্র, মঙ্গলবার। সভাপতি রায় শ্রীযুক্ত জলধর সেন বাহাদুর। এই অধিবেশনে ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের বার্ষিক স্মৃতি পূজা হয়। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম, রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু এম এ, এবং সভাপতি মহাশয়

স্বর্গীয় ব্যোমকেশ বাবুর বিষয়ে আলোচনা করেন এবং মেদিনীপুর শাখা-পরিষদের সহকারী সভাপতি শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী বি এল মহাশয়-লিখিত এক কবিতা পঠিত হয়।

১৫। পঞ্চদশ বিশেষ, ২৬এ চৈত্র, মঙ্গলবার। সভাপতি রায় শ্রীযুক্ত জলধর সেন বাহাদুর। এই অধিবেশনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের বার্ষিক স্মৃতিপূজা হয়। কুমারী ইলারাণী একটি গান করেন এবং বঙ্গীয়-নাট্য-পরিষদের সভ্যগণ 'বন্দে মাতরম্' গান করেন। শ্রীযুক্ত নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, ডাঃ শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ দত্ত এম এ, পি-এচ ডি, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু এম এ ও সভাপতি মহাশয় বক্তৃতা করেন। শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ মহাশয় বঙ্কিমচন্দ্রের "বাবু" পাঠ করেন। শ্রীযুক্ত প্যারীমোহন সেনগুপ্ত মহাশয় দুইটি কবিতা পাঠ করেন। বঙ্গীয়-নাট্য-পরিষৎ 'বাণীকীর্ত্তন' গান করেন।

## সংবর্দ্ধনা

আলোচ্য বর্ষে তিনটি সংবর্দ্ধনার ব্যবস্থা করা হইয়াছিল। এই সকল সংবর্দ্ধনা সাফল্যমণ্ডিত করিতে যাঁহারা পরিষৎকে সাহায্য করিয়াছিলেন, তাঁহাদের নাম ও সাহায্যের পরিমাণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

১। বিগত ১৫ই অগ্রহায়ণ পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি আচার্য্য স্যর শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয়ের সপ্ততিতম জন্মতিথি উপলক্ষ্যে কলিকাতার বিভিন্ন প্রতিষ্ঠান হইতে "বসু বিজ্ঞান-মন্দিরে' তাঁহার যে সংবর্দ্ধনার আয়োজন হয়, পরিষৎ তাহাতে যোগদান করিয়াছিলেন। এই উপলক্ষ্যে শ্রীযুক্ত বসু মহাশয়কে পরিষদের সভাপতি মহাশয়ের স্বাক্ষরে এক অভিনন্দন-পত্র দেওয়া হয়। অন্যতম সহকারী সভাপতি রায় শ্রীযুক্ত চুনীলাল বসু বাহাদুর অভিনন্দন-পত্র পাঠ করেন। তুলোট কাগজে মুদ্রিত করিয়া এই অভিনন্দন-পত্র চন্দনকাষ্ঠের পেটিকায় প্রদত্ত হয়।

২। পরিষদের চিত্রশালা পরিদর্শনের জন্য ডাইরেক্টার জেনারেল অফ্ আর্কিওলজি মহাশয়কে পরিষদে নিমন্ত্রণ করা হয়। তিনি পরিষদে গত ৭ই মাঘ তারিখে আগমন করেন। তাঁহাকে ঐ দিন সংবর্দ্ধনা করিবার ব্যবস্থা করা হয়।

৩। কলিকাতা করপোরেশনের পক্ষ হইতে পরিষদের চিত্রশালা পরিদর্শন উপলক্ষ্যে করপোরেশনের মেয়র, অল্ডারম্যান ও কাউন্সিলারগণকে গত ৭ই ফাল্গুন তারিখে এক সান্ধ্য-সম্মিলনে সংবর্দ্ধনা করা হয়।

## কার্য্যালয়

আলোচ্য বর্ষে নিম্নোক্ত সদস্যগণ পরিষদের কর্ম্মাধ্যক্ষ ছিলেন,—

সভাপতি—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী

সহকারী সভাপতিগণ—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত

„ রায় চুনীলাল বসু বাহাদুর

„ স্যর দেবপ্রসাদ সর্ব্বাধিকারী

সহকারী সভাপতিগণ—কবিরাজ শ্রীযুক্ত শ্যামাদাস বাচস্পতি
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন
স্যর শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়
মহারাজ স্যর শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী

সম্পাদক—শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম কবিভূষণ
„ জ্যোতিশ্চন্দ্র ঘোষ
„ জিতেন্দ্রনাথ বসু
„ একেন্দ্রনাথ ঘোষ

পত্রিকাধ্যক্ষ—কুমার ডাক্তার শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা

চিত্রশালাধ্যক্ষ— শ্রীযুক্ত অজিত ঘোষ

গ্রন্থাধ্যক্ষ— „ কিরণচন্দ্র দত্ত

কোষাধ্যক্ষ— „ গণপতি সরকার বিদ্যারত্ন

ছাত্রাধ্যক্ষ— „ বিনয়কুমার সরকার

আয়-ব্যয় পরীক্ষক—রায় শ্রীযুক্ত মন্মথনাথ গুপ্ত বাহাদুর
শ্রীযুক্ত অনাথনাথ ঘোষ

সহকারী সম্পাদক শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র ঘোষ মহাশয়ের উপর পরিষদের আয় সংক্রান্ত কার্য্য-ভার এবং ছাপাখানা-সমিতির কার্য্যভার অর্পিত ছিল। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম মহাশয়ের উপর পরিষদের মাসিক ও বিশেষ অধিবেশনের পরিচালনা এবং শাখা-পরিষৎ ও স্মৃতিরক্ষার কার্য্যভার অর্পিত ছিল। শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বসু মহাশয়ের উপর আয়-ব্যয়ের হিসাব দেখিবার ভার অর্পিত ছিল। তিনি বহু দিন পীড়িত থাকায় তাঁহার কার্য্য সম্পাদক যথাসাধ্য সম্পন্ন করিয়াছেন। এতদ্ব্যতীত শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের সাহায্যে সম্পাদক কার্য্যালয়ের অন্যান্য যাবতীয় কার্য্য সম্পাদন করিয়াছিলেন।

পত্রিকাধ্যক্ষ ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা মহাশয় ৩৫শ ভাগ সাহিত্য পরিষৎ-পত্রিকার চারি সংখ্যা সম্পাদন করিয়াছিলেন। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় এই কার্য্যে তাঁহাকে বিশেষ সাহায্য করিয়াছেন।

চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত অজিত ঘোষ মহাশয় চিত্রশালার উন্নতির জন্য যথোচিত পরিশ্রম করিয়াছেন। তাঁহার কার্য্যের পরিচয় চিত্রশালার পৃথক্ কার্য্যবিবরণে প্রদত্ত হইয়াছে।

শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত মহাশয় আলোচ্য বর্ষে গ্রন্থাধ্যক্ষ ছিলেন। কিন্তু আলমারী প্রস্তুত না হওয়ায় ও তালিকার জন্য পৃথক্ লোক নিযুক্ত না হওয়ায়, তাঁহার চেষ্টা সত্বেও গ্রন্থাগারের উন্নতি বিধানের জন্য বিশেষ কোন কার্য্য হয় নাই। সুখের বিষয়, আলোচ্য বর্ষশেষে পরিষদের

উত্তর, দক্ষিণ ও পশ্চিম দিকের দেওয়ালে আলমারী হইয়াছে। এক্ষণে তিনি গ্রন্থ সাজাইবার ব্যবস্থা করিয়াছেন।

কোষাধ্যক্ষ শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন মহাশয় পরিষদের অর্থাদি ডাকঘরে ও ব্যাঙ্কে রক্ষার ব্যবস্থা করিয়াছিলেন।

আয়-ব্যয়-পরীক্ষক রায় শ্রীযুক্ত মন্মথনাথ গুপ্ত বাহাদুর এবং শ্রীযুক্ত অনাথনাথ ঘোষ মহাশয়দ্বয় বিশেষ যত্নের সহিত পরিষদের যাবতীয় হিসাবাদি পরীক্ষা করিয়া দিয়াছেন। শ্রীযুক্ত অনাথনাথ ঘোষ মহাশয়ের এতৎসম্পর্কীয় মন্তব্য পরিশিষ্টে প্রদত্ত হইল।

কার্য্যনির্ব্বাহক-সমিতি

নিম্নোক্ত সদস্যগণ আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন,—

( সদস্যগণ কর্ত্তৃক নির্ব্বাচিত )

শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত
" অমূল্যচরণ বিদ্যাভূষণ
" সুনীতিকুমার চট্টোপাধ্যায়
" খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
" রায় খগেন্দ্রনাথ মিত্র বাহাদুর
" বিজয়গোপাল গঙ্গোপাধ্যায়
" সুকুমাররঞ্জন দাশ
" ডাঃ পঞ্চানন নিয়োগী
" প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
" হেমচন্দ্র দাশগুপ্ত
" বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ
" ডাঃ আবদুল গফুর সিদ্দিকী
" মন্মথমোহন বসু
" ডাঃ বনওয়ারিলাল চৌধুরী
৺ বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ
শ্রীযুক্ত ডাঃ যতীন্দ্রনাথ মৈত্র
" বিনয়চন্দ্র সেন
" অমলচন্দ্র হোম
" ডাঃ ভূপেন্দ্রনাথ দত্ত
" নিবারণচন্দ্র রায়
" দ্বারকানাথ মুখোপাধ্যায়

( শাখা পরিষৎ হইতে নির্ব্বাচিত )

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
„ আশুতোষ চট্টোপাধ্যায়
৺ নলিনাক্ষ ভট্টাচার্য্য
শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দাস
„ ললিতমোহন মুখোপাধ্যায়
„ ললিতকুমার চট্টোপাধ্যায়

বর্ষমধ্যে বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ মহাশয় পরলোকগমন করিলে, তাঁহার স্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক ডাঃ শ্রীযুক্ত যতীন্দ্রনাথ মৈত্র মহাশয় সমিতির অন্যতম সভ্য নির্ব্বাচিত হন। এই বার্ষিক অধিবেশনের কিছু দিন পূর্ব্বে নলিনাক্ষ ভট্টাচার্য্য মহাশয়েরও পরলোকপ্রাপ্তি ঘটিয়াছে। এই অল্প দিনের জন্য তাঁহার স্থলে সমিতির নূতন সভ্য নির্ব্বাচনের প্রয়োজন হয় নাই।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৬টি সাধারণ ও একটি বিশেষ অধিবেশন হয়। এতদ্ব্যতীত দুইবার সার্কুলার-পত্রদ্বারা সভ্যগণের মত লইয়া কার্য্য করা হয়।

বিভিন্ন বিভাগের কার্য্য সম্পাদনের জন্য কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিম্নোক্ত শাখা-সমিতিগুলি গঠিত হইয়াছিল ;—(ক) সাহিত্য শাখা, (খ) ইতিহাস-শাখা, (গ) দর্শন-শাখা, (ঘ) বিজ্ঞান-শাখা, (ঙ) আয়ব্যয়-সমিতি, (চ) পুস্তকালয়-সমিতি, (ছ) চিত্রশালা-সমিতি, (জ) ছাপাখানা-সমিতি, (ঝ) পুরস্কার-প্রবন্ধ নির্ব্বাচন-সমিতি, (ঞ) গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি—চিত্রনির্ব্বাচন-সমিতি, (ট) আয়-বৃদ্ধি ও ব্যয় সঙ্কোচ-সমিতি, (ঠ) কর্ম্মচারিগণের কার্য্যব্যবস্থা ও কার্য্য-নির্দ্দেশ-সমিতি, (ড) বার্ষিক-কার্য্যবিবরণ পরিদর্শন-সমিতি, (ঢ) প্রাদেশিক শব্দসংগ্রহ-সমিতি, (ণ) হরপ্রসাদ সংবর্দ্ধনা-সমিতি। পরিশিষ্টে শাখা-সমিতির সভ্যগণের নাম দ্রষ্টব্য। এই শাখা-সমিতিগুলি ব্যতীত পূর্ব্ববৎসরে গঠিত (ক) জ্যোতিষ-সমিতি, (খ) চণ্ডীদাস সম্পাদক-সঙ্ঘ, (গ) প্রাচীন বঙ্গ-সাহিত্যকোষ সমিতি প্রভৃতি রহিয়াছে।

এই সকল সমিতি গঠন ব্যতীত কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক যে সকল মন্তব্য গৃহীত হইয়াছে, সেগুলি বিভিন্ন বিভাগের কার্য্যবিবরণে উল্লিখিত হইবে। তদ্ব্যতীত নিম্নোক্ত মন্তব্যগুলিও সমিতি কর্ত্তৃক গৃহীত হইয়াছে,—

(ক) বঙ্গীয় গ্রন্থাগার-পরিষদের কার্য্যকরী সমিতিতে পরিষদের গ্রন্থাধ্যক্ষ শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত মহাশয় প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছেন।

(খ) কাঁটালপাড়ার বঙ্কিম সাহিত্য-সম্মিলনের ন্যাস-সমিতিতে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন মহাশয় পরিষদের প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছেন।

(গ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের "কমলা লেক্‌চারশিপ কমিটি"তে শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু মহাশয় পরিষদের প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছেন।

(ঘ) শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের "জগত্তারিণী পদক সমিতি"তে পরিষদের প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছেন।

(ঙ) রঙ্গপুর ও মেদিনীপুর শাখা-পরিষদের বার্ষিক অধিবেশনে, মাজুতে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টাদশ অধিবেশনে, লাহোরের ওরিয়াণ্টাল কন্‌ফারেন্সে, ইন্দোরে প্রবাসী বঙ্গ-সাহিত্য-সম্মিলনে পরিষদের প্রতিনিধি প্রেরিত হইয়াছিল।

(চ) পরিষদের ও চিত্রশালার চতুর্দ্দিকের প্রাচীরের, ড্রেণ ও পায়খানা নির্ম্মাণের এবং ময়লা ও তাল জল লইবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

(ছ) পরিষদে ১৩ বৎসর কার্য্য করার পর দামিক্ক পিয়ন বার্দ্ধক্যাবস্থায় উপনীত হইয়া পেন্সন সহ বিদায় প্রার্থনা করায় তাহাকে এককালীন ১০০৲ সাহায্য করিয়া ছুটি দেওয়া হয়।

(জ) সাহিত্য, ইতিহাস, দর্শন ও বিজ্ঞান-শাখার ব্যবস্থায় বিশেষজ্ঞগণের দ্বারা বিভিন্ন বিষয়ে তিনটি করিয়া সাধারণের উপযোগী বক্তৃতা দেওয়াব প্রস্তাব গৃহীত হয়।

(ঝ) শ্রীগৌরাঙ্গের জন্মস্থান নিরূপণ সম্পর্কে নদীয়া অনুসন্ধান-শাখা-সমিতির পক্ষ হইতে কোথায় শ্রীগৌরাঙ্গের জন্মস্থান ছিল, তাহার বিষয়ে প্রমাণ প্রয়োগ দিয়া প্রবন্ধ পাঠের জন্য শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয়ের উপর ভার অর্পিত হয়।

(ঞ) পরিষদের সংক্ষিপ্ত পরিচয়জ্ঞাপক পুস্তিকা ইংরেজি ও বাঙ্গালা ভাষায় লিখিবার জন্য শ্রীযুক্ত অজিত ঘোষ ও শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয়ের উপর ভার অর্পিত হয়। এই পুস্তিকায় চিত্রশালার কতিপয় উল্লেখযোগ্য মূর্ত্তিও প্রভৃতির ও পরিষদ্ মন্দিরের চিত্র থাকিবে।

(ট) প্রতি বর্ষে ৮ই শ্রাবণ তারিখ Bengal Academy of Literature-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে পরিষদের বিশেষ অধিবেশন হইবে ও সেই অধিবেশনে এক বা একাধিক পরলোকগত সাহিত্যিকের বিষয়ে আলোচনা হইবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

সাহিত্য, ইতিহাস, দর্শন, বিজ্ঞান-শাখা-সমিতি

অধিবেশন-সংখ্যা—

সাহিত্য-শাখা—৯
ইতিহাস-শাখা—৫
দর্শন-শাখা—২
বিজ্ঞান-শাখা—৬

এই সকল শাখা-সমিতিতে মনোনীত প্রবন্ধ ও তাহার লেখকগণ,—

(ক) সাহিত্য-শাখা—

১। প্রাচীন খুয়া-সংগ্রহ (১ম ও ২য় অংশ)—শ্রীযুক্ত রমেশ বসু এম এ।

২। গাজী সাহেবের গান—রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচবিদ্যামহার্ণব।

৩। বাঙ্গালা ভাষার উপাদান ও গ্রাম্যশব্দ সঙ্কলন—শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট্

৪। রামগিরি—শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল।

৫। শ্রীকর নন্দী, বিজয় পণ্ডিত ও সঞ্জয় কবির মহাভারত (আলোচনা)—শ্রীযুক্ত সুধীর-কুমার সেন এম এ।

৬। উড়িষ্যায় বাশুলী—শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন কাব্যতীর্থ এম এ।

৭। ময়মনসিংহ, কিশোরগঞ্জের গ্রাম্য সঙ্গীত—শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ তারাসিদ্ধান্তবিনোদ বি এল্।

৮। তরুণীরমণের পদাবলী ও সহজ উপাসনা-তত্ত্ব—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ।

৯। বিদ্যাসুন্দরের উপাখ্যান ও কালিকা-মঙ্গল—শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ।

এতদ্ব্যতীত (১) ডাঃ শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ, ডি লিট মহাশয়ের "অপ্রকাশিত গীতি-সাহিত্যের কয়েকটি নমুনা," (২) শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়-লিখিত "রামেশ্বরী সত্যনারায়ণ" এবং (৩) শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের "বাউলের গান" নামক তিনটি প্রবন্ধ বিশেষ অধিবেশনে পাঠের জন্য নির্দ্দিষ্ট হয়।

সাহিত্য-শাখার অন্যতম সভ্য বাণীনাথ নন্দী মহাশয়ের পরলোকপ্রাপ্তি ঘটায় শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম এ মহাশয় সেই পদে সাহিত্য-শাখার সভ্য নির্ব্বাচিত হন।

(খ) ইতিহাস-শাখা—

১। বাঙ্গালায় বর্গীর হাঙ্গামার প্রাচীনতম বিবরণ—শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ।

২। কয়েকজন প্রাচীন গীতিকারের কালনির্ণয়—ডাঃ শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য এম এ, পি-এচ ডি।

৩। বার্ত্তা, প্রাচীন হিন্দু ধনবিজ্ঞান—ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ ডি।

৪। জৈনমূর্ত্তি-তত্ত্ব—শ্রীযুক্ত পূরণচাঁদ নাহার এম এ, বি এল।

৫। পূজায় বৈচিত্র্য—শ্রীযুক্ত সতীশচন্দ্র আঢ্য।

পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের বিগত বার্ষিক অধিবেশনে প্রদত্ত অভিভাষণের ইঙ্গিত অনুসারে বৌদ্ধপূর্ব্ব যুগের ভারতের ইতিহাস রচনা হওয়া উচিত—এই মন্তব্য গৃহীত হইয়াছে।

(গ) দর্শন-শাখা—

শ্রীযুক্ত অটলবিহারী ঘোষ এম এ, বি এল মহাশয়-লিখিত ৺সতীশচন্দ্র সিদ্ধান্তভূষণ মহাশয়ের কৌলমার্গ-রহস্য গ্রন্থের ভূমিকা ও শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী এম এ মহাশয়-লিখিত ৺সিদ্ধান্তভূষণ মহাশয়ের জীবনী গৃহীত হয়, এবং দার্শনিক শব্দের পরিভাষা (এই শাখার আহ্বানকারা

৺ নলিনাক্ষ ভট্টাচার্য্য মহাশয়-লিখিত ) আলোচিত হয়। এতদ্ব্যতীত এই শাখায় কোন প্রবন্ধ আলোচিত হয় নাই।

এই বার্ষিক অধিবেশনের কিছু দিন পূর্ব্বে দর্শন-শাখার আহ্বানকারী নলিনাক্ষ ভট্টাচার্য্য মহাশয়ের পরলোকপ্রাপ্তি হইয়াছে।

( ঘ ) বিজ্ঞান-শাখা—

১। শব্দ-সংখ্যালিখন-প্রণালী—ডাঃ শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি এস্-সি।

২। বৈদিক ও পৌরাণিক শিশুমার—ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি।

৩। কঙ্কেলিপুষ্প—শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন।

ঐ সম্বন্ধে মন্তব্য—ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি।

৪। অক্ষর সংখ্যা-প্রণালী—ডাঃ শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি এস্-সি।

৫। ঋগ্‌বেদের অশ্বদেবতা— „ „ একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস-সি।

আলোচ্য বর্ষে বৈজ্ঞানিক পরিভাষা সঙ্কলনের কার্য্য বিশেষরূপ অগ্রসর হইয়াছে। এই কার্য্যের জন্য নিম্নলিখিত শাখা সমিতিগুলি গঠিত হইয়াছে।

( ক ) রসায়ন-সমিতি, ( খ ) পদার্থবিজ্ঞান, গণিত ও জ্যোতিষ-সমিতি, ( গ ) উদ্ভিদ্‌বিজ্ঞান-সমিতি, ( ঘ ) ভূ-তত্ত্ব সমিতি, (ঙ) জীববিজ্ঞান-সমিতি।

এতদ্ব্যতীত শ্রীযুক্ত ব্রজেন্দ্রকুমার মুখোপাধ্যায় এম এস্-সি মহাশয়-লিখিত "রসায়ন" নামক গ্রন্থ প্রকাশিত হইবে স্থির হইয়াছে। সমিতির নির্দ্দেশমত পাণ্ডুলিপির কিছু কিছু পরিবর্ত্তন করিবার জন্য গ্রন্থকারকে অনুরোধ করা হইয়াছে।

আলোচ্য বর্ষে বিজ্ঞান-শাখার অন্তর্গত জ্যোতিষ-শাখার কার্য্য অগ্রসর হয় নাই। এই শাখার কার্য্যকারিতা বৃদ্ধির জন্য গণিত জ্যোতিষও এই শাখার অন্তর্ভুক্ত করা হইয়াছে। অতঃপর এই শাখার নাম হইল জ্যোতিষ-শাখা ( ফলিত ও গণিত )।

এই চারি শাখার সভাপতি, আহ্বানকারী ও সভ্যগণের নাম পরিশিষ্টে প্রদত্ত হইল।

### গ্রন্থপ্রকাশ

আলোচ্য বর্ষে পরিষৎ নিম্নোক্ত গ্রন্থগুলি প্রকাশের সঙ্কল্প গ্রহণ করিয়াছেন।

( ক ) প্রাচীন বঙ্গসাহিত্য-কোষ। German Oriental Societyর প্রযত্নে ও পণ্ডিত ঔফ্রেট্ (Aufrecht) মহোদয়ের সঙ্কলনে প্রকাশিত Catalogus Catalogorum নামক বিপুলকায় সংস্কৃত পুথির তালিকা-পুস্তকের আদর্শে এই প্রাচীন বঙ্গ-সাহিত্য-কোষ প্রকাশ করা হইবে। এ পর্য্যন্ত যত প্রকার প্রাচীন বাঙ্গালা পুথি দেশমধ্যে ও বিদেশে রহিয়াছে, তাহাদের তালিকা ইহাতে দেওয়া হইবে। গ্রন্থের রচয়িতা, তারিখ এবং বর্ত্তমান সময়ে কোথায় কোথায় পুথিগুলি রহিয়াছে, তাহার উল্লেখ থাকিবে। আলোচ্য বর্ষে পুথির তালিকা সংগ্রহের কার্য্য কিছু দূর অগ্রসর হইয়াছে। বীরভূমের শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয়ের 'রতন-লাইব্রেরী'তে সংগৃহীত

পুথির তালিকা পাওয়া গিয়াছে। সহৃদয় দেশবাসী এই তালিকা সংগ্রহকার্য্যে পরিষৎকে সাহায্য করিলে বঙ্গদেশের একটি অতি প্রয়োজনীয় কার্য্য সাধিত হইবে।

(খ) হরপ্রসাদ সংবর্দ্ধনালেখমালা। পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের পঞ্চসপ্ততিতম বয়ঃক্রম স্মরণীয় করিবার জন্য বঙ্গভাষায় ভারত-তত্ত্ব সম্বন্ধে বিশিষ্ট লেখকগণের নানা বিষয়ের রচনা এই গ্রন্থমধ্যে সন্নিবিষ্ট থাকিবে। এই কার্য্য সম্পাদনের জন্য যে সমিতি গঠিত হইয়াছে, তাহার দ্বারা এই গ্রন্থ প্রকাশের জন্য অর্থ ও প্রবন্ধ সংগৃহীত হইতেছে। শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা ও শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়দ্বয় এই সমিতির সম্পাদক।

(গ) ময়ূরভট্টের শ্রীধর্ম্মপুরাণ। এ পর্য্যন্ত যতগুলি ধর্ম্মপুরাণ পাওয়া গিয়াছে, তন্মধ্যে ময়ূরভট্টের ধর্ম্মপুরাণ সর্ব্বাপেক্ষা প্রাচীন—ইহা পরবর্ত্তী লেখকগণ উল্লেখ করিয়াছেন। এই গ্রন্থের একখানি নকল সম্প্রতি পাওয়া গিয়াছে। সাহিত্য-শাখার অনুমোদনে এই গ্রন্থ প্রকাশের ব্যবস্থা হইয়াছে। গ্রন্থসম্পাদক শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম এ।

(ঘ) চণ্ডীদাসের পদাবলী। আলোচ্য বর্ষে এই গ্রন্থের পাণ্ডুলিপি প্রণয়নের কার্য্য চলিতেছে। কলিকাতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুথিশালা, চট্টগ্রামের মৌলবী আবদুল করিম সাহিত্যবিশারদ, বীরভূমের শ্রীযুক্ত শিবরতন মিত্র, 'পদকল্পতরু' সম্পাদক শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম এ প্রভৃতি মহাশয়গণের পুথিসংগ্রহ হইতে চণ্ডীদাসের প্রাচীন পদাবলী ও পাঠভেদ লিপিবদ্ধ হইয়াছে। গ্রন্থের পাণ্ডুলিপি প্রস্তুতের ভার চণ্ডীদাস সম্পাদক-সঙ্ঘের অন্যতম সভ্য শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্ন মহাশয়ের উপর অর্পিত আছে। কিন্তু পাণ্ডুলিপি এ পর্য্যন্ত পরিষদের হস্তগত হয় নাই।

(ঙ) পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের সম্পাদিত ও এসিয়াটিক সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত সন্ধ্যাকর নন্দী-কৃত রামচরিত বঙ্গভাষায় অনূদিত করিয়া টীকা টিপ্পনী সমেত প্রকাশ করা হইবে।

(চ) এ পর্য্যন্ত যতগুলি প্রাদেশিক শব্দ-সংগ্রহ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছে, সেগুলি এবং যে সকল স্থানের শব্দ সংগৃহীত হয় নাই, তাহা সংগ্রহ করিয়া বিশেষজ্ঞগণের সম্পাদনে "প্রাদেশিক শব্দসংগ্রহ" নামে গ্রন্থ প্রকাশ করা হইবে। এ জন্য যে সমিতি আছে, তাহার দ্বারা এ বিষয়ে কার্য্য আরম্ভ হইয়াছে।

এই সকল নূতন সঙ্কল্প ব্যতীত পূর্ব্ব হইতে আরব্ধ গ্রন্থপ্রকাশের কার্য্য নিম্নোক্তরূপে আলোচ্য বর্ষে সম্পন্ন হইয়াছে,—

(ক) কাশীরাম দাসের মহাভারত (আদিপর্ব্ব) প্রকাশিত হইয়াছে। সম্পাদক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী। ডাঃ শ্রীযুক্ত বিমলাচরণ লাহা এম এ, বি এল, পি-এচ ডি মহাশয়-প্রদত্ত অর্থে এই গ্রন্থ মুদ্রিত হইয়াছে। গ্রন্থমুদ্রণের সমস্ত ব্যয় ৭৫৪॥৯ তিনি পরিষৎকে দান করিয়াছেন।

(খ) ৺সতীশচন্দ্র সিদ্ধান্তভূষণ সঙ্কলিত কৌলমার্গ-রহস্য প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত

অটলবিহারী ঘোষ এম এ, বি এল মহাশয়ের ভূমিকা এবং শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ মহাশয়ের লিখিত গ্রন্থকারের জীবনী এই গ্রন্থারম্ভে সন্নিবিষ্ট হইয়াছে।

(গ) কবি হেমচন্দ্র—৺অক্ষয়চন্দ্র সরকার প্রণীত। এই গ্রন্থ ফুরাইয়া যাওয়ায় এবং চাহিদা থাকায় পুনরায় মুদ্রিত করা হইয়াছে।

আলোচ্য বর্ষে (১) পদকল্পতরু ৫ম খণ্ডের ১৫ ফর্ম্মা এবং (২) ন্যায়দর্শনের (৫ম খণ্ড) ৩৪ ফর্ম্মা ছাপা হইয়াছে। (৩) সংকীর্ত্তনামৃত গ্রন্থের ৭ ফর্ম্মা এবং প্রাচীন পুথির বিবরণ—৩য় খণ্ড ২য় সংখ্যার ৫।৹ ফর্ম্মা ছাপা হইয়াছে।

পরিষদের ছাপাখানা-সমিতির কর্তৃত্বাধীনে এই সকল গ্রন্থের মুদ্রণাদি পরিচালিত হইয়াছে। আলোচ্য বর্ষে উক্ত সমিতির ৪টি অধিবেশন হইয়াছিল।

লালগোলা গ্রন্থ-প্রকাশ স্থায়ী তহবিল।

আলোচ্য বর্ষে এই তহবিল হইতে পূর্ব্বোক্ত 'সঙ্কীর্ত্তনামৃত' গ্রন্থ মুদ্রণের ব্যবস্থা হইয়াছে। এই তহবিলের হিসাব পরিশিষ্টে দ্রষ্টব্য।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা ও কার্য্যবিবরণ

আলোচ্য বর্ষে পঞ্চত্রিংশ ভাগ সাহিত্য-পরিষৎ-পত্রিকা চারি সংখ্যায় প্রকাশিত হইয়াছে। নিম্নে শ্রেণীভেদে প্রবন্ধের ও লেখকগণের নাম দেওয়া হইল।

(ক) প্রাচীন সাহিত্য—

১। কবিরাজ গোবিন্দ দাস—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত।

২। গাজী সাহেবের গান—রায় সাহেব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।

৩। তরুণীরমণের পদাবলী ও সহজ উপাসনা-তত্ত্ব—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ।

৪। প্রাচীন ধুয়া-সংগ্রহ (১ম ও ২য় অংশ)—শ্রীযুক্ত রমেশ বসু এম এ।

৫। শ্রীকর নন্দী, বিজয় পণ্ডিত ও সঞ্জয় কবির মহাভারত (আলোচনা)। শ্রীযুক্ত সুধীরকুমার সেন এম এ।

(খ) গ্রাম্য সাহিত্য—

১। ময়মনসিংহ—কিশোরগঞ্জের গ্রাম্য সঙ্গীত—শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ তারাসিদ্ধান্তবিনোদ বি এল।

(গ) ভাষাতত্ত্ব—

১। বাঙ্গালা ভাষার উপাদান ও গ্রাম্য শব্দসঙ্কলন—ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট।

(ঘ) ইতিহাস ও প্রত্নতত্ত্ব—

১। উড়িষ্যায় বাশুলী—শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন কাব্যতীর্থ এম এ।

২। কয়েক জন প্রাচীন গীতিকারের কাল নির্ণয়—ডাঃ শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য এম এ, পি এচ ডি।

৩। গীতগ্রাম—মোল্লা বরীউদ্দীন আহম্মদ বি এ।

৪। গীতগ্রামের আবিষ্কার—ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট্।

৫। জৈন মূর্ত্তি-তত্ত্বের সংক্ষিপ্ত বিবরণ—শ্রীযুক্ত পূরণচাঁদ নাহার এম এ, বি এল।

৬। পূজার বৈচিত্র্য—শ্রীযুক্ত সতীশচন্দ্র আঢ্য।

৭। বাঙ্গালায় বর্গীর হাঙ্গামার প্রাচীনতম বিবরণ—শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ।

৮। বার্ত্তা, প্রাচীন হিন্দু ধনবিজ্ঞান—ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ ডি।

৯। রামগিরি—শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল্।

১০। সভাপতির অভিভাষণ—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম এ, ডি লিট, সি আই ই।

(ঙ) বিজ্ঞান—

১। কঙ্কেলিপুষ্প—শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন।

২। বৈদিক ও পৌরাণিক শিশুমার—ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি।

৩। শব্দসংখ্যা-লিখন-প্রণালী—ডাঃ শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি এস্-সি।

এই সকল প্রবন্ধ ব্যতীত ৩৪শ ও ৩৫শ ভাগ পত্রিকার শব্দসূচী প্রকাশিত হইয়াছে। শব্দ-সূচীগুলি পত্রিকাধ্যক্ষ মহাশয় স্বব্যয়ে প্রস্তুত করাইয়া দিয়া পরিষদের বিশেষ উপকার করিয়াছেন।

এই সূচী ব্যতীত ২৭৷৷০ ফর্ম্মায় ৩৫শ ভাগ পত্রিকা সম্পূর্ণ হইয়াছে।

এতদ্ব্যতীত ৩৪শ বার্ষিক কার্য্যবিবরণ ৬৷০ ফর্ম্মা এবং ৩৪শ বার্ষিক মাসিক ও বিশেষ অধি-বেশনের কার্য্যবিবরণ ৮৷৷০ ফর্ম্মা পত্রিকার সহিত প্রকাশিত হইয়াছে।

আলোচ্য বর্ষে ২৷০ ফর্ম্মা বিজ্ঞাপন প্রকাশিত হইয়াছে। পত্রিকা, সূচী ও কার্য্যবিবরণাদি ছাপাখানা-সমিতির পরিচালনে মুদ্রিত হইয়াছে।

কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, আগামী বর্ষ হইতে পত্রিকার সহিত (ক) বিবিধ সংগ্রহ (ছড়া, পাঁচালি, গ্রাম্য সঙ্গীত প্রভৃতি), (খ) প্রাদেশিক শব্দসংগ্রহ এবং (গ) পরিষদের চিত্রশালার অন্তর্গত প্রাচীন মুদ্রার তালিকা প্রকাশ করা হইবে।

### চিত্রশালা

আলোচ্য বর্ষে চিত্রশালার জন্য নিম্নলিখিত মূর্ত্তি ও মুদ্রাদি সংগৃহীত হইয়াছে,—

প্রস্তরমূর্ত্তি—

১। উগ্রনরসিংহমূর্ত্তি—প্রদাতা শ্রীযুক্ত গুরুদাস সরকার এম এ। প্রাপ্তিস্থান—কান্দী।

২। দশভুজামূর্ত্তি—প্রদাতা মৌলভী আবুল মোক্তার ও মৌলভী এ জ্যাকেরিয়া। প্রাপ্তিস্থান—সালার, কান্দী।

৩। সূর্য্যমূর্ত্তি—প্রদাতা শ্রীযুক্ত শুকদাস সরকার এম এ। প্রাপ্তিস্থান—সালার, কান্দী।

৪। মন্দিরযুক্ত দরজার প্রস্তরখণ্ড—প্রদাতা—ঐ। প্রাপ্তিস্থান—ঐ।

৫। দশভুজামূর্ত্তি— প্রদাতা—ঐ। প্রাপ্তিস্থান—ঐ।

৬। বোধিসত্ত্ব—প্রদাতা—মৌলভী এ জ্যাকেরিয়া। প্রাপ্তিস্থান—ঐ।
(উভয় পৃষ্ঠে মূর্ত্তি)

ধাতুমূর্ত্তি—

৭। দশভুজা মহিষমর্দ্দিনী—প্রদাতা শ্রীযুক্ত মৃগাঙ্কনাথ রায়। প্রাপ্তিস্থান—জাড়া, মেদিনীপুর।

মুদ্রা—

১। মেনন্দর— প্রদাতা—শ্রীযুক্ত অজিত ঘোষ।

২। আর্টিমেকাস্ ২য়—ঐ ঐ।

৩। সোটার মেগাস্— ঐ ঐ।

৪। কুজুল কদফিস—প্রদাতা—শ্রীযুক্ত রামকমল সিংহ।

৫—১১। ভারতীয় ছাঁচে ঢালা প্রাচীন মুদ্রা ৭টি। প্রদাতা—মোল্লা রবীউদ্দিন আহম্মদ।
প্রাপ্তিস্থান—গীতগ্রাম, কান্দী, মুরশিদাবাদ।

মৃণ্ময় দ্রব্য—

১-৩। পোড়া মাটির মূর্ত্তি ৩টি। প্রদাতা—মোল্লা রবীউদ্দীন আহম্মদ। প্রাপ্তিস্থান—ঐ।

৪-৮। নানারূপ নক্সাযুক্ত মৃৎপাত্রের টুক্‌রা ৫ খণ্ড।—ঐ ঐ।

প্রাচীন চিত্র চারিখানি—প্রদাতা—শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত।

আলোচ্য বর্ষে প্রস্তর-মূর্ত্তিগুলির পাদপীঠ ইষ্টক দ্বারা নির্ম্মিত হইয়াছে এবং শ্রেণীভেদে মূর্ত্তিগুলি সাজাইয়া রাখা হইয়াছে। বিবিধ ছোট ছোট দ্রব্য রাখিবার জন্য এবং পুরাতন ইষ্টকগুলি রাখিবার জন্য দুইটি বড় বড় শো-কেস্ খরিদ করা হইয়াছে এবং তাহাতে দ্রব্যগুলি সাজান হইয়াছে।

আলোচ্য বর্ষে চিত্রশালার কতিপয় প্রাচীন মুদ্রার ছাঁচ (plaster cast) প্রস্তুত করা হইয়াছে। চিত্রশালাধ্যক্ষ মহাশয় এগুলি স্বব্যয়ে প্রস্তুত করাইয়া দিয়াছেন।

এই সকল মূর্ত্তি ও মুদ্রা সংগ্রহ ব্যতীত আলোচ্য বর্ষে চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত অজিত ঘোষ মহাশয় উড়িষ্যা প্রদেশ হইতে যে ১২টি বৃহৎ বৃহৎ বৌদ্ধমূর্ত্তি আনিয়া অস্থায়িভাবে পরিষদের চিত্রশালায় রক্ষা করিয়াছেন, তাহাতে চিত্রশালার গৌরব ও উপকারিতা বিশেষভাবে বৃদ্ধি হইয়াছে। মূর্ত্তিগুলির মধ্যে ৬টিতে উৎকীর্ণ লিপি রহিয়াছে। বিশেষজ্ঞগণ অনুমান করেন, এগুলি খৃঃ ৬ষ্ঠ বা ৭ম শতাব্দীর ভাস্কর্য্য।

চিত্রশালা-সমিতির নির্দ্দেশমত ভারত গবর্মেণ্টের ট্রেজার ট্রোভ বিতরণের তালিকায় পরিষদের নাম সন্নিবিষ্ট করিবার জন্য চিত্রশালাধ্যক্ষ মহাশয় পলিটিক্যাল বিভাগে আবেদন করেন। আর্কিও-লজিক্যাল ডিপার্টমেণ্টের ডাইরেক্টার জেনারেল মহাশয় এবং শিক্ষা-বিভাগের ডাইরেক্টার মহাশয়

পরিষদের চিত্রশালা পরিদর্শন করিয়াছিলেন। নেগাপটম্ হইতে আবিষ্কৃত মূর্ত্তিগুলির মধ্যে তিনটি বৌদ্ধ মূর্ত্তি ৬৲ মূল্যে ইণ্ডিয়ান মিউজিয়ামের কর্তৃপক্ষের নিকট হইতে খরিদ করিতে পারা গিয়াছে।

ট্রেজার ট্রোভ বিতরণের তালিকায় পরিষদের চিত্রশালার নাম সন্নিবিষ্ট হইবার পূর্ব্বে গবর্মেণ্টের আদেশ মত প্রথমে একটি ৩০৲ মূল্যে ও পরে ৬১৸৯ মূল্যে দ্বিতীয় মুদ্রাধার প্রস্তুত করিতে হইয়াছে। এই শেষোক্তটিতে কিঞ্চিদধিক চৌদ্দ শত মুদ্রার স্থান হইবে। চিত্রশালাধ্যক্ষ মহাশয় মুদ্রাগুলির সবিবরণ তালিকা লিপিবদ্ধ করিতেছেন। মুদ্রার চিত্র সমেত এই তালিকা আগামী বর্ষ হইতে পরিষৎ-পত্রিকায় ক্রমশঃ প্রকাশ করা হইবে।

পরিষদের চিত্রশালার কার্য্যব্যবস্থা ব্যতীত চিত্রশালার পক্ষ হইতে মুরশিদাবাদ জেলার অন্তর্গত কান্দী মহকুমার মধ্যবর্ত্তী রাঙ্গামাটি ( কর্ণসুবর্ণ ), সালার ও গীতগ্রাম পরিদর্শনের ভার চিত্রশালাধ্যক্ষ ও শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের উপর পড়িয়াছিল। তাঁহারা ঐ সকল স্থান পরিদর্শন করিয়া এবং স্থানগুলির প্রাচীনতা সম্বন্ধে নিঃসন্দিগ্ধ হইয়া মত প্রকাশ করায়, আর্কিওলজিক্যাল সার্ভে বিভাগকে ঐ সকল স্থান খনন করিবার জন্য পরিষৎ হইতে অনুরোধ করা হয়। উক্ত বিভাগের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শ্রীযুক্ত কাশীনাথনারায়ণ দীক্ষিত এম এ মহাশয় পরিষদের চিত্রশালাধ্যক্ষ মহাশয়ের সহিত সালার ও গীতগ্রাম পরিদর্শন করেন। গীতগ্রাম ও সালারের স্তূপ খনন নানা কারণে সম্প্রতি অসম্ভব বিবেচিত হওয়ায় কর্তৃপক্ষ সম্প্রতি রাঙ্গামাটি খননের প্রাথমিক কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। জানা গিয়াছে যে, ঐ স্থানে বহু প্রাচীন নিদর্শন সকল আবিষ্কৃত হইতেছে।

চিত্রশালার তালিকা মুদ্রণের পর যে সকল মূর্ত্তি প্রভৃতি সংগৃহীত হইয়াছে, তাহাদের তালিকা প্রণয়নের ভার চিত্রশালাধ্যক্ষ মহাশয়ের উপর অর্পিত হইয়াছে।

আলোচ্য বর্ষে চিত্রশালার দ্রব্যসম্ভারের মধ্যে একটি অতি মূল্যবান্ দ্রব্য সংগৃহীত হইয়াছে। রাঁচীনিবাসী অবসরপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুকুমার হালদার মহাশয় তাঁহার স্বনামখ্যাত পিতা রাখালদাস হালদার মহাশয় কর্তৃক বিলাত হইতে আনীত মহাত্মা রাজা রামমোহন রায় মহাশয়ের কেশগুচ্ছ এবং স্বর্গীয় রাজার সমসাময়িক বন্ধু বান্ধবদের পত্রাবলী পরিষদের চিত্রশালায় অর্পণ করিয়াছেন। এই কেশগুচ্ছ রক্ষার জন্য শ্রীযুক্ত রাজশেখর বসু মহাশয় একটী সুদৃশ্য আধার প্রস্তুত করিয়া দিয়াছেন। পরিষদের অন্যতম সহকারী সভাপতি রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুরের চেষ্টায় ও যত্নে এই সকল দ্রব্য সংগৃহীত হইয়াছে। এই সকল দ্রব্য দানের ও এগুলি সংগ্রহের জন্য পরিষৎ চিরদিন শ্রীযুক্ত সুকুমার বাবুর ও শ্রীযুক্ত চুণীবাবুর নিকট কৃতজ্ঞ থাকিবেন। যে অধিবেশনে এই সকল দ্রব্য প্রদর্শিত হয়, সেই অধিবেশনে শ্রীযুক্তা হেমলতা দেবী মহাশয়া স্বয়ং উপস্থিত হইয়া রাধানগরে রামমোহন স্মৃতি-সৌধের ভিত্তি প্রতিষ্ঠার সময় তিনি যে রৌপ্য-কর্ণিক ব্যবহার করিয়াছিলেন, তাহাও পরিষৎকে দান করেন। সদস্যগণের স্মরণার্থ জানাইতেছি যে, কিছু দিন পূর্ব্বে স্বর্গীয় শিবনাথ শাস্ত্রী মহাশয় রামমোহনের ব্যবহৃত পাগড়ীটি পরিষদে দান করিয়াছিলেন।

আর একটি আনন্দের সংবাদ জানাইতেছি। পরিষদের চিত্রশালা ও পুথিশালার ক্রমশঃ উন্নতি ও প্রসারের জন্য সম্পাদক মহাশয় কলিকাতা কর্পোরেশনের নিকট বার্ষিক ২৪০০৲ টাকা সাহায্য চাহিয়াছিলেন। কর্পোরেশন এই আবেদন মঞ্জুর করিয়া পরিষদের ও দেশবাসীর অশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। এই প্রসঙ্গে সম্পাদক কৃতজ্ঞতার সহিত জানাইতেছেন যে, পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির অন্যতম উৎসাহী সভ্য ও করপোরেশনের কাউন্সিলার শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ ও অন্যান্য কাউন্সিলারগণ এ বিষয়ে সম্পাদককে বিশেষ সাহায্য করিয়াছিলেন।

আলোচ্য বর্ষেও বঙ্গীয় গবর্ণমেণ্টের নিকট হইতে চিত্রশালার বাবদ প্রতিশ্রুত দান ১৬০০০৲ টাকা পাওয়া যায় নাই। এই জন্য রমেশ-ভবন নির্ম্মাণের দরুণ কণ্ট্রাক্টারের বিলের টাকা দিতে পারা যায় নাই এবং রমেশ-ভবনের অসম্পূর্ণ কার্য্যগুলিও সম্পন্ন করিতে পারা যায় নাই। আশা করা যায়, ১৩৩৬ বঙ্গাব্দের মধ্যেই উক্ত টাকা দান করিয়া গবর্ণমেণ্ট পরিষৎকে উপকৃত করিবেন।

## পুথিশালা

বিগত বার্ষিক কার্য্যবিবরণে জানান হইয়াছিল যে, পরিষদের পুথিশালায় ৪৬৯৪ খানি পুথি রহিয়াছে। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত উপেন্দ্রনারায়ণ সিংহ এম্ এ ও শ্রীযুক্ত অন্নদাকুমার তন্ত্ররত্ন মহাশয় কতকগুলি পুথি দান করিয়াছেন। সমস্ত পুথির তালিকা হয় নাই। ইতিপূর্ব্বে ১৩৩২ হইতে এ পর্য্যন্ত যে সকল পুথি পাওয়া গিয়াছে, তাহাদের তালিকা এখনও হয় নাই।

কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক স্থির হইয়াছে যে, পরিষদের পুথিশালার সংস্কৃত পুথিগুলির তালিকা প্রকাশ করা হইবে এবং ঐ পুথিগুলির মধ্যে উল্লেখযোগ্যগুলির সংক্ষিপ্ত বিবরণও দেওয়া হইবে।

## গ্রন্থাগার

গ্রন্থাগারের পুস্তক-পত্রিকাদি খরিদের জন্য কলিকাতা করপোরেশন পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও ৬৫০৲ টাকা সাহায্য করিয়াছেন। এই জন্য পরিষৎ করপোরেশনের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। ওয়ার্ড কাউন্সিলার অধ্যাপক শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ এম্ এ, এবং ডাঃ শ্রীযুক্ত যতীন্দ্রনাথ মৈত্র এম্ বি মহাশয়দ্বয় পুস্তকালয়-সমিতির অন্যতম সভ্যরূপে নির্ব্বাচিত হইয়াছিলেন। করপোরেশনের সর্ত্তানুসারে যথাসময়ে পুস্তক-পত্রিকা ক্রয় করা হইয়াছে এবং তাহার কার্য্য-বিবরণী করপোরেশনে উপস্থাপিত করা হইয়াছে।

আলোচ্য বর্ষে গ্রন্থাগারে ৫২৫ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ৩৫২ খানি উপহার-স্বরূপ পাওয়া গিয়াছে এবং ১৭৩ খানি ক্রয় করা হইয়াছে।

LIBRARY

বর্ষারম্ভে গ্রন্থাগারে নিম্নোক্ত-সংখ্যক পুস্তক ছিল,—

| | | |
|---|---|---|
| পরিষদের ক্রীত ও সংগৃহীত পুস্তক— | | ১৭৫৫৮ |
| (ক) | বিদ্যাসাগর গ্রন্থাগার— | ৩৫৪৬ |
| (খ) | সত্যেন্দ্রনাথ দত্ত গ্রন্থাগার— | ২২৬০ |
| (গ) | রমেশচন্দ্র দত্ত „ | ৭৩২ |
| (ঘ) | সাহিত্য-সভা „ | ২৫৪০ |
| (ঙ) | শ্রীযুক্ত নারায়ণচন্দ্র মৈত্র „ | ২০০৫ |
| (চ) | „ সত্যচরণ মিত্র „ | ৯১৭ |
| | | ২৯,৫৪৮ |

অতএব বর্ষশেষে সর্ব্বসমেত পুস্তকসংখ্যা এইরূপ দাঁড়াইয়াছে,—

| | |
|---|---|
| গত বর্ষের শেষ পর্য্যন্ত সংগৃহীত— | ২৯,৫৪৮ |
| বর্ত্তমান বর্ষের ক্রীত ও সংগৃহীত— | ৫২৫ |
| | ৩০, ০৭৩ |
| বর্ত্তমান বর্ষে মাসিক পত্রিকা পুস্তকাকারে বাঁধান— | ৬৯ |
| | ৩০,১৪২ |

পরিষদের পরমহিতৈষী ও অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বসু বি এ এটর্নী মহাশয় ৭০ খানি পুস্তক দান করিয়াছেন এবং গত কয়েক বৎসর তিনি এই ভাবে পুস্তকাদি দান করিয়াছেন ও ভবিষ্যতে আরও দান করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন। শ্রীযুক্ত জিতেন্দ্রবাবু ও যে সকল সদস্য, গ্রন্থকার ও প্রকাশকগণ পরিষদ্‌গ্রন্থাগারের পুষ্টি সাধন ও উন্নতির জন্য পুস্তকাদি উপহার দিয়া সহায়তা করিয়াছেন, তাঁহাদিগকে বিশেষভাবে ধন্যবাদ দেওয়া যাইতেছে। কলিকাতা ইউনিভার্সিটির প্রকাশিত ৬১ খানি পুস্তক পরিষদ্‌গ্রন্থাবলীর সহিত বিনিময়ে পাওয়া গিয়াছে।

এতদ্ব্যতীত বর্ত্তমান বর্ষে বেঙ্গল গবর্ণমেণ্টের লাইব্রেরী হইতে অনেকগুলি খণ্ডিত মাসিক পত্রিকা ও পুস্তক উপহার পাওয়া গিয়াছে। এই সকল পুস্তকের সম্পূর্ণ তালিকা প্রস্তুত হইতেছে। উপহারদাতৃগণকে পরিষৎ আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

আমেরিকার Smithsonian Institution তাঁহাদের প্রকাশিত ২৪ খানি গ্রন্থ উপহার দিয়াছেন। আমেরিকার Anthropological Association-এর মুখপত্র American Anthropologist, বোষ্টনের Museum of Fine Arts এবং লণ্ডন বিশ্ববিদ্যালয়ের Journal of the School of Oriental Studies, এই পত্রিকাগুলি সাহিত্য-পরিষৎ পত্রিকার বিনিময়ে পাওয়া যাইতেছে।

সাময়িক পত্রের মধ্যে শ্রেণীভেদে নিম্নোক্তসংখ্যক পত্র-পত্রিকাগুলি সাহিত্য-পরিষৎ পত্রিকার

বিনিময়ে যথারীতি পাওয়া গিয়াছে,—দৈনিক—১০, সাপ্তাহিক—৩৭, পাক্ষিক—৫, মাসিক—৬২, দ্বৈমাসিক—৪, ত্রৈমাসিক—১২।

এই সকল সাময়িক পত্রের মধ্যে Statesman, Englishman, Basumati, দৈনিক বসুমতী এবং মাসিক পত্রের মধ্যে Indian Antiquary, Modern Review ক্রয় করা হইয়াছিল। সাময়িক পত্রের তালিকা পরিশিষ্টে দেওয়া হইল।

আলোচ্য বর্ষের শেষে গ্রন্থাগারের উত্তর, দক্ষিণ ও পশ্চিম দিকে তিনটি সুবৃহৎ পুস্তকাধার প্রস্তুত হইয়াছে।

পূর্ব্বসংগৃহীত স্তূপীকৃত গ্রন্থগুলি নূতন পুস্তকাধারে সন্নিবেশিত করা হইতেছে। আগামী বর্ষমধ্যে পরিষদে সংগৃহীত সমুদায় গ্রন্থের সম্পূর্ণ তালিকা প্রকাশের ব্যবস্থা করা হইয়াছে। এই কার্য্য বহু ব্যয় ও সময়সাপেক্ষ।

আলোচ্য বর্ষে পুস্তকালয়-সমিতির ৪টি অধিবেশন হইয়াছিল। পুস্তকাধার প্রস্তুতের এষ্টিমেট, নূতন পুস্তক ক্রয়, খণ্ডিত মাসিক পত্রগুলি বাঁধান এবং স্তূপীকৃত পুস্তকরাশি নূতন আলমারীতে রাখিবার ব্যবস্থা প্রভৃতির প্রস্তাব সমিতিকর্ত্তৃক অনুমোদিত হয়।

বর্ষমধ্যে ১৭৪ জন সদস্য পুস্তক পাঠার্থ বাড়ীতে পুস্তক লইয়া গিয়াছিলেন। তাঁহাদের সহিত ৩৫৯৬ বার পুস্তক আদান-প্রদান করা হয়।

প্রতিদিন গড়ে ১০০ জন পাঠক নির্দ্ধারিত সময়ে পাঠাগারে সংবাদপত্র ও পুস্তকাদি পাঠের জন্য নিয়মিত আসিয়াছিলেন। সদস্যগণকে ৫½টা হইতে ৭½টা পর্য্যন্ত পুস্তক আদান-প্রদান করা হইয়াছিল। নির্দ্ধারিত ছুটীর দিন ও প্রতি বৃহস্পতিবার ব্যতীত প্রত্যহ যথানিয়মে ২টা হইতে ৮টা পর্য্যন্ত সাধারণের জন্য পরিষদের পাঠাগার উন্মুক্ত ছিল।

ভবানীপুর পদ্মপুকুর রোডের শ্রীমতী নিশারাণী ঘোষ মহাশয়া তাঁহার জননীর স্মৃতির উদ্দেশ্যে দুইটি আলমারীপূর্ণ পুস্তক পরিষৎকে দান করিতে স্বীকৃতা হইয়াছেন। আলোচ্য বর্ষে পুস্তকগুলি পরিষদের হস্তগত হয় নাই।

কার্য্যনির্ব্বাহক-সমিতির আদেশে পরিষদের গ্রন্থাগার হইতে (ক) বড়বাজারের গীতা-জয়ন্ত্যুৎসবের প্রদর্শনীতে এবং (খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে নিখিল-ভারত-গ্রন্থাগার প্রদর্শনীতে দুষ্প্রাপ্য ও প্রথম মুদ্রিত কতকগুলি পুস্তক প্রেরিত হইয়াছিল।

### স্মৃতিরক্ষা

চিত্র-প্রতিষ্ঠার দ্বারা আলোচ্য বর্ষে নিম্নোক্ত সাহিত্য সেবিগণের স্মৃতি-রক্ষা করা হইয়াছে,—

(ক) গিরীন্দ্রমোহিনী দাসী (তৈলচিত্র)। এই চিত্রের জন্য মাননীয় স্যর শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল মিত্র ২৫৲, ৺প্রকাশচন্দ্র দত্ত ২৫৲, শ্রীযুক্তা স্বর্ণকুমারী দেবী ১০৲, শ্রীযুক্তা কামিনী রায় ৫৲, শ্রীযুক্ত মহেন্দ্রলাল মিত্র ৪৲ এবং শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বসু ২৲ মোট ৭১৲ চাঁদা পাওয়া গিয়াছিল। চিত্র প্রতিষ্ঠায় ৭০৲ ব্যয় হইয়াছে। ১৲ উদ্বৃত্ত রহিয়াছে।

(খ) মনোমোহন চক্রবর্ত্তী এম এ, বি এল (তৈলচিত্র)। এই চিত্রের জন্য শ্রীযুক্ত জে পি সিংহ ৩০৲ এবং শ্রীযুক্ত বিহারীলাল মিত্র ২০৲ মোট ৫০৲ চাঁদা পাওয়া গিয়াছিল। এই চিত্রের জন্য আলোচ্য বর্ষে ৩২৲ ব্যয় হইয়াছে। ১৮৲ উদ্বৃত্ত রহিয়াছে।

(গ) শিবনাথ শাস্ত্রী এম এ (ব্রোমাইড), (ঘ) শৈলেশচন্দ্র মজুমদার (ব্রোমাইড) এবং (ঙ) ডাক্তার রাধাগোবিন্দ কর (তৈলচিত্র)। এই চিত্র তিনখানি শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় মহাশয়-স্থাপিত গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতিভাণ্ডারের অর্থে প্রস্তুত হইয়াছে।

(চ) স্তর আশুতোষ মুখোপাধ্যায় (তৈলচিত্র)। এই চিত্রের জন্য যাঁহাদের নিকট চাঁদা পাওয়া গিয়াছে, তাঁহাদের নাম গত বর্ষের কার্য্যবিবরণে মুদ্রিত হইয়াছে। এখনও চিত্রকরের দেনা মিটাইতে পারা যায় নাই। প্রতিশ্রুত চাঁদা এখনও অনাদায় রহিয়াছে।

(ছ) দ্বিজেন্দ্রনারায়ণ বাগচী এম এ (তৈলচিত্র)। কবির পুত্র শ্রীযুক্ত দ্বিপেন্দ্রনারায়ণ বাগচী মহাশয় স্বব্যয়ে এই চিত্র প্রস্তুত করাইয়া পরিষৎকে দান করিয়াছেন।

নিম্নলিখিত সাহিত্যিকগণের স্মৃতিরক্ষার প্রস্তাব আলোচ্য বর্ষে গৃহীত হইয়াছে।

(ক) বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ।

(খ) মণিলাল গঙ্গোপাধ্যায়। শ্রীযুক্ত শিশিরকুমার ভাদুড়ী মহাশয় একখানি তৈলচিত্র প্রস্তুত করাইয়া দিতে স্বীকৃত হইয়াছেন।

(গ) ভোলানাথ চন্দ্র। ইঁহার পৌত্র শ্রীযুক্ত চণ্ডীচরণ চন্দ্র মহাশয় একখানি চিত্র দান করিতে স্বীকৃত হইয়াছেন।

(ঘ) যদুনাথ সর্ব্বাধিকারী। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় ইঁহার একখানি চিত্র সংগ্রহ করিয়া দিবার ভার গ্রহণ করিয়াছেন।

স্মৃতিরক্ষার জন্য স্থাপিত ভাণ্ডারগুলির অবস্থা বর্ষশেষে নিম্নোক্তরূপ দাঁড়াইয়াছে,—

(ক) কাশীরাম দাস স্মৃতিভাণ্ডার—৩৪১৸/৯।

(খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্মৃতিতহবিল। বর্ষমধ্যে ৪১৶৹ আয় হয়। আলোচ্য বর্ষে এই ভাণ্ডার হইতে "কবি হেমচন্দ্র" পুনর্মুদ্রিত করা হইয়াছে। তাহার ব্যয় মধ্যে ২১।৹ এবং হেমচন্দ্র সুবর্ণ-পদকের জন্য ৩৫৸৹, মোট ৫৭৲ খরচ হইয়াছে। বর্ষশেষে উদ্বৃত্ত—৭৫১৸/৹।

(গ) মাইকেল মধুসূদন দত্ত স্মৃতি-তহবিল হইতে বার্ষিক স্মৃতি-উৎসবের ব্যয় ২২।৶৯ বাদে উদ্বৃত্ত ২৭/৹।

(ঘ) অক্ষয়কুমার বড়াল স্মৃতি-তহবিল। বর্ষমধ্যে ১১৸৹ আয় হয় এবং পদকের জন্য ১০৸৹ ব্যয় বাদে উদ্বৃত্ত—২৭১৲।

(ঙ) আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-তহবিল—২১৬৭।৯।

(চ) স্তর গুরুদাস বন্দ্যোপাধ্যায় স্মৃতি-তহবিল—৬৫।৹।

(ছ) সুরেশচন্দ্র সমাজপতি স্মৃতি-তহবিল—১০০৲।

(জ) সত্যেন্দ্রনাথ দত্ত স্মৃতি-তহবিল—১৪৫৲।

(ঝ) স্যর আশুতোষ মুখোপাধ্যায় স্মৃতি-তহবিল। এই তহবিলের ৪৪৲ মধ্যে চিত্রের মূল্য মধ্যে ৪০৲ ও চিত্র-প্রতিষ্ঠা সংক্রান্ত ব্যয় ৮/৬ মোট ৪০৮/৬ ব্যয় বাদে উদ্বৃত্ত—৩/৬।

(ঞ) দেশবন্ধু চিত্তরঞ্জন দাস স্মৃতি-তহবিল। আলোচ্য বর্ষে উদ্বৃত্ত ৬৫৲ টাকাই চিত্রকরকে দেওয়া গিয়াছে। এখনও চিত্র শেষ হয় নাই।

(ট) গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-তহবিল। আলোচ্য বর্ষের দান ৫০৲ বর্ষমধ্যেই পূর্ব্বোক্ত দুইখানি ব্রোমাইড্ প্রস্তুত করাইতে ব্যয় হইয়াছে। বিগত বর্ষে কোন দান পাওয়া যায় নাই। কিন্তু তাহার পরিবর্ত্তে রাধাগোবিন্দ কর মহাশয়ের তৈলচিত্র পাওয়া গিয়াছে।

পূর্ব্বোক্ত সাহিত্যিকগণ ব্যতীত নিম্নলিখিত সাহিত্যসেবিগণের চিত্ররক্ষার সঙ্কল্প সম্বন্ধে প্রধানতঃ অর্থাভাববশতঃই কিছুই করিতে পারা যায় নাই। পরিষদের হিতৈষিগণ এই কার্য্য উদ্ধার করিতে পরিষৎকে সাহায্য করিলে পরিষৎ বিশেষ উপকৃত হইবেন।

(ক) কালীপ্রসন্ন ঘোষ, (খ) মহারাজ কুমুদচন্দ্র সিংহ, (গ) ব্রহ্মবান্ধব উপাধ্যায়, (ঘ) নীলরতন মুখোপাধ্যায়, (ঙ) হরিশ্চন্দ্র তর্করত্ন, (চ) প্রাণনাথ দত্ত, (ছ) চারুচন্দ্র ঘোষ, (জ) কালীপ্রসন্ন কাব্যবিশারদ, (ঝ) পূর্ণেন্দুনারায়ণ সিংহ, (ঞ) রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, (ট) ললিতচন্দ্র মিত্র, (ঠ) স্যর আশুতোষ চৌধুরী, (ড) যাদবেশ্বর তর্করত্ন, (ঢ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, (ণ) মনোমোহন গঙ্গোপাধ্যায়, ( চিত্রের জন্য ১৲ চাঁদা পাওয়া গিয়াছে ), (ত) মহারাজ জগদিন্দ্রনাথ রায়, (থ) দামোদর মুখোপাধ্যায়, (দ) রায় যতীন্দ্রনাথ চৌধুরী, (ধ) চণ্ডীচরণ সেন, (ন) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, (প) অধরচন্দ্র মুখোপাধ্যায়, (ফ) যোগীন্দ্রনাথ বসু, (ব) তারকনাথ গঙ্গোপাধ্যায়।

### পদক ও পুরস্কার

আলোচ্য বর্ষে নিম্নোক্ত বিষয়ে প্রবন্ধ-লেখকগণকে নিম্নলিখিত পদক ও পুরস্কার দেওয়া হইবে, তাহা ঘোষিত হইয়াছিল।

## পদক

| পদক | প্রবন্ধ |
|---|---|
| ১। হেমচন্দ্র সুবর্ণপদক | হেমচন্দ্রের কাব্যে পাশ্চাত্য সাহিত্যের প্রভাব। |
| ২। হরপ্রসাদ সুবর্ণপদক | হিন্দু-রাজত্বে রাঢ়। |
| ৩। তরলাসুন্দরী সুবর্ণপদক | বাঙ্গালা ভাষা ও সাহিত্যের পুষ্টিসাধনে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গত ২৫ বৎসরের মধ্যে কি কাজ করিয়াছেন, তাহার ইতিহাস। |
| ৪। অক্ষয়কুমার বড়াল সুবর্ণপদক | অক্ষয়কুমার বড়ালের কাব্যের বৈশিষ্ট্য, বিশ্লেষণ ও আলোচনা। |
| ৫। কালীকৃষ্ণ সুবর্ণপদক | আধুনিক বাঙ্গালা গদ্য-সাহিত্যের গতি। |
| ৬। রামগোপাল রৌপ্যপদক | অক্ষয়কুমারের 'কনকাঞ্জলি'র বিশেষত্ব। |

৭। অক্ষয়কুমার বড়াল রৌপ্যপদক — অক্ষয়কুমার বড়ালের কাব্যে করুণ রস।

৮। সুরেশচন্দ্র সমাজপতি রৌপ্যপদক — মাসিক-সাহিত্য-সমালোচনার ধারা।

## পুরস্কার

১। আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি পুরস্কার (১০০৲) — শতপথ, গোপথ ও তাণ্ড্য ব্রাহ্মণের আখ্যান ও উপাখ্যানসমূহের বিবরণ ও তৎসম্বন্ধে আলোচনা।

৭ম পদকটি মহিলাগণের জন্য নির্দ্দিষ্ট ছিল। ৩য়, ৪র্থ ও ৮ম পদকের জন্য, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন প্রবন্ধ পাওয়া যায় নাই। নিম্নে কোন্ বিষয়ের জন্য কয়টি প্রবন্ধ পাওয়া গিয়াছে, প্রবন্ধ পরীক্ষক ও যিনি পদক বা পুরস্কার পাইবেন, তাঁহাদের নাম লিখিত হইল।

১ম প্রবন্ধ—২টি

পরীক্ষক—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ।

শ্রীযুক্ত অহিভূষণ ভট্টাচার্য্য এই পদক পাইবেন।

২য় প্রবন্ধ—১টি

পরীক্ষক—শ্রীযুক্ত অজিত ঘোষ এম এ, বি এল।

প্রবন্ধটি পুরস্কারের যোগ্য বিবেচিত হয় নাই।

৫ম প্রবন্ধ—৩টি

পরীক্ষক—ডাঃ শ্রীযুক্ত নরেশচন্দ্র সেনগুপ্ত এম্ এ, ডি এল্।

কোন প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই।

৬ষ্ঠ প্রবন্ধ—২টি

পরীক্ষক—শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত।

শ্রীযুক্ত জ্যোৎস্নাকুমার বসু এম্ এ এই পদক পাইবেন।

৭ম প্রবন্ধ—২টি

পরীক্ষক—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ।

কোন প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই।

পুরস্কার—১

পরীক্ষক—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম এ, ডি লিট, সি আই ই।

শ্রীযুক্ত সুকুমার সেন এম এ, পি আর এস্ এই পুরস্কার পাইবেন।

পদকদাতৃগণের নাম নিম্নে প্রদত্ত হইল,—

১। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্মৃতি-তহবিল, ২। রায় শ্রীযুক্ত অবিনাশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম এ বাহাদুর, ৩। শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বসু বি এ, সলিসিটার, ৪। অক্ষয়কুমার বড়াল স্মৃতি-তহবিল, ৫। শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, ৬। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, ৭। বহুবাজার ফ্রেণ্ডস্ ইউনিয়ন, ৮। শ্রীযুক্ত আশুতোষ বড়াল।

পুরস্কারটি (১০০৲) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-তহবিলে লালগোলার মহারাজ রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের প্রদত্ত দান ৫০০৲ হইতে দেওয়া হইবে।

যাঁহারা পদক বা পুরস্কারের জন্য টাকা দান করিয়াছেন এবং যাঁহারা প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছেন, পরিষৎ তাঁহাদিগকে ধন্যবাদ দিতেছেন।

ঐতিহাসিক অনুসন্ধান

স্বর্গীয় অধরচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়-প্রদত্ত ১০০০৲ টাকার দরুণ আলোচ্য বর্ষ পর্য্যন্ত ৩১।৷০ সুদ পাওয়া গিয়াছে। বিগত বার্ষিক অধিবেশনে পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বৌদ্ধপূর্ব্ব যুগের ভারতের ইতিহাস রচনার যে ইঙ্গিত করিয়াছেন, তদনুসারে ইতিহাস রচনা কি ভাবে হইতে পারে ও যদি তাহা সম্ভব হয়, তাহা হইলে সভাপতি মহাশয়ের নিকট এই কার্য্যের জন্য এই তহবিলের অর্থ হইতে একজন লেখক নিযুক্ত করা যাইতে পারে। এই সকল বিষয়ে সভাপতি মহাশয়ের সহিত পরামর্শ করিয়া স্থির করিবার জন্য ইতিহাস-শাখার আহ্বানকারী মহাশয়ের উপর ভার অর্পিত আছে। আলোচ্য বর্ষে এই সম্বন্ধে কোন কাজ হয় নাই।

শাখা-পরিষৎ

আলোচ্য বর্ষে কোন নূতন শাখার প্রতিষ্ঠা হয় নাই। রাজপুতানায় জয়পুরে একটি শাখা স্থাপনের বিষয় পত্রব্যবহার চলিতেছে। শাখাগুলির মধ্যে রঙ্গপুর, মেদিনীপুর, গৌহাটী, ভাগলপুর, ত্রিপুরা, মীরাট, উত্তরপাড়া, নদীয়া ও কটক-শাখার কার্য্যবিবরণ পাওয়া গিয়াছে। পরিশিষ্টে সেই সকল কার্য্যবিবরণের সংক্ষিপ্ত সার দেওয়া হইল। রঙ্গপুর ও মেদিনীপুর শাখা-পরিষদের বার্ষিক অধিবেশনে মূল পরিষদের প্রতিনিধি প্রেরিত হইয়াছিল।

ছাত্রসভা

আলোচ্য বর্ষের প্রথমে ছাত্র-সভা-তালিকায় ৫০ জনের নাম ছিল। আলোচ্য বর্ষে একজন মাত্র ছাত্র-সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। উক্ত ৫০ জনের মধ্যে কত জন এক্ষণে ছাত্র আছেন ও তাঁহারা পরিষদের উদ্দেশ্যানুযায়ী কোন কাজ করিয়াছেন কি না, তাহার কোন পরিচয় পাওয়া যায় নাই। আলোচ্য বর্ষে ছাত্র-সভার কোনই অধিবেশন হয় নাই।

নিয়মাবলী পরিবর্ত্তন

শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন মহাশয় গত বর্ষে যে সকল প্রচলিত নিয়মের পরিবর্ত্তনাদির প্রস্তাব করিয়াছিলেন, সেগুলি শাখা-সমিতি ও কার্য্যনির্ব্বাহক-সমিতিতে আলোচিত হইয়াছে। সকল সদস্যের মতামতের জন্য প্রস্তাবিত সংশোধনগুলি প্রেরিত হইয়াছে। তাঁহাদের নিকট হইতে মতামত আসিলে এক সাধারণ সভায় সেগুলির আলোচনা হইবে।

বঙ্গীয় গবর্ণমেণ্ট

পরিষদের গ্রন্থপ্রকাশের জন্য বঙ্গীয় গবর্ণমেণ্টের নিকট আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব

বৎসরের ন্যায় ১২০০৲ পাওয়া গিয়াছে। এতদ্ব্যতীত ২০২ খানি পত্রিকা ক্রয় করিয়া গবর্ণমেণ্ট বিভিন্ন শিক্ষা-বিভাগের অন্তর্গত স্কুল ও কলেজে দান করিতেছেন।

আলোচ্য বর্ষেও চিত্রশালার জন্য গবর্ণমেণ্টের নিকট তাঁহাদের প্রতিশ্রুত দান ১৬০০০৲ টাকা পাওয়া যায় নাই। আশা করা যায়, বর্ত্তমান বর্ষ মধ্যেই উক্ত টাকা পরিষদের হস্তগত হইবে।

কলিকাতা করপোরেশন

পরিষদের পুস্তকালয়ের পুস্তকাদি খরিদ করিবার জন্য করপোরেশন আলোচ্য বর্ষেও ৬৫০৲ দান করিয়াছেন। এতদ্ব্যতীত পরিষদের চিত্রশালার ও পুথিশালার জন্য ১৯২৮,২৯ সালের বাবদ ২৪০০৲ মঞ্জুর করিয়াছেন। আলোচ্য বর্ষ মধ্যে এই টাকা পরিষদের হস্তগত হয় নাই। *

এই অর্থ সাহায্য ব্যতীত করপোরেশন পরিষদ্ মন্দিরের ১৯২৮।২৯ বঙ্গাব্দের ট্যাক্স রেহাই দিয়াছেন। পরিষদের চিত্রশালা 'রমেশ-ভবনে'র ট্যাক্স রেহাই দিবার আবেদনের ফলে করপোরেশন ট্যাক্স রেহাই-এর পরিবর্ত্তে ১৯২৮।২৯ সালের জন্য ৫৬৮/০ টাকা দান মঞ্জুর করিয়াছেন।

এই সকল উদারতা ও সহানুভূতিপূর্ণ কার্য্যের জন্য পরিষৎ করপোরেশনের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

বিশেষ বিশেষ দান

সদস্যগণের নির্দ্ধারিত চাঁদা ব্যতীত পরিষৎ আলোচ্য বর্ষে বিশেষ বিশেষ কার্য্য সম্পাদনের জন্য যে সকল দান পাইয়াছেন, তাহা নিম্নে লিপিবদ্ধ হইল। এই সকল দানের জন্য পরিষৎ দাতৃগণের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন।

(ক) স্যর শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয়ের সংবর্দ্ধনার জন্য দান।

(খ) কলিকাতার মেয়র, অল্ডারম্যান্ ও কাউন্সিলারগণের সংবর্দ্ধনার জন্য দান।

(গ) পুরস্কারের জন্য দান।

(ঘ) এককালীন দান।

(ঙ) গ্রন্থ-প্রকাশার্থ দান।

পরিশিষ্টে প্রদাতৃগণের নাম প্রদত্ত হইল।

এতদ্ব্যতীত (ক) শ্রীযুক্ত বিজয়গোপাল গঙ্গোপাধ্যায় মহাশয় একখানি বৈদ্যুতিক পাখা এবং (খ) শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু এম এ মহাশয় একখানি টেবিল-ক্লথ দান করিয়াছেন।

মন্দির ব্যবহার

নিম্নলিখিত প্রতিষ্ঠানদ্বয়কে আলো ও পাখার খরচ বাবদ ৫৲ হিসাবে লইয়া তাঁহাদের অধিবেশনাদির জন্য পরিষদের হল ব্যবহার করিতে দেওয়া হইয়াছিল।

১। ২৪-পরগণা সাহিত্য-সম্মিলনের অধিবেশন, দুই দিন।

২। শুভ-সঙ্ঘের বার্ষিক অধিবেশন, এক দিন।

---

* গত ১৫ই জ্যৈষ্ঠ ১৩৩৬ তারিখে এই ২৪০০৲ পাওয়া গিয়াছে।

### আয়-ব্যয়

আলোচ্য বর্ষে সাধারণ-তহবিলের, স্থায়ী তহবিলের ও বিভিন্ন গচ্ছিত তহবিলের মোট ১৪৬৬২৶৯ টাকা আয় এবং উক্ত তিন তহবিলের সর্ব্বরকমে মোট ১১৪৯১৸৵৯ টাকা ব্যয় হইয়া, পূর্ব্ব বৎসরের উদ্বৃত্তের টাকা যোগ দিয়া এবং আলোচ্য বর্ষের আয়-ব্যয় বাদ দিয়া বর্ষশেষে মোট ২৭৬৬৯৵১ টাকা উদ্বৃত্ত রহিয়াছে। ইহার বিস্তৃত বিবরণ পরিষদের সদস্যগণের নিকট প্রেরিত হইয়াছে। বর্ষারম্ভের বজেটে চাঁদা আদায় খাতে ৬৫০০৲ টাকা ধরা হইয়াছিল, কিন্তু বর্ষশেষে চাঁদা আদায় খাতে ৬৫৫০৲ টাকা আদায় হইয়াছে। যদিও বজেট অপেক্ষা ৫০৲ টাকা বেশী চাঁদা আদায় হইয়াছে, কিন্তু অনাদায়ী চাঁদার সংখ্যা বর্ষশেষে ৫৭৫১৷০ টাকা দাঁড়াইয়াছে। সদস্যগণকে নিজ নিজ চাঁদা বর্ষমধ্যেই দিবার জন্য সনির্ব্বন্ধ অনুরোধ জানাইতেছি।

বর্ত্তমান বর্ষেও স্থায়ী তহবিলের ঋণ শোধ করিতে পারা যায় নাই। আপনারা লক্ষ্য করিবেন যে, পরিষদের সাধারণ কার্য্য পরিচালনের জন্য পূর্ব্ব পূর্ব্ব বৎসরে যে যে তহবিল হইতে ঋণ করা হইয়াছিল, তন্মধ্যে একমাত্র স্থায়ী তহবিলের ঋণ ছাড়া অন্যান্য তহবিলের ঋণ পরিশোধ করা হইয়াছে। এই ঋণ পরিশোধের জন্য পরিষদের হিতৈষী বন্ধুগণ বিশেষ অনুগ্রহপূর্ব্বক অর্থ সাহায্য করিয়া পরিষৎকে ঋণমুক্ত করিয়াছেন। এ জন্য পরিষৎ তাঁহাদের সকলের নিকট বিশেষ কৃতজ্ঞ। স্থায়ী তহবিলের ঋণ পরিশোধ করিতে পারিলে তাহার সুদ হইতে পরিষদের কার্য্যের সুবিধা হইবে। তজ্জন্য আজ আবার পরিষৎ স্থায়ী তহবিলের বাকী ৪০০০৲ টাকা ঋণ পরিশোধ করিয়া দিবার জন্য পরিষদের শুভানুধ্যায়ী মহোদয়গণের নিকট সাহায্য প্রার্থনা করিতেছেন। সাহিত্য-পরিষদের ব্যয়-বহুল কার্য্যগুলি তাঁহাদের সাহায্য ব্যতীত সম্পন্ন করিবার উপায় নাই।

আলোচ্য বর্ষে আয়-ব্যয়-সমিতির ৮টি অধিবেশন হইয়াছিল।

### দুঃস্থ সাহিত্যিক ভাণ্ডার

এই ভাণ্ডারের স্থাপনকর্ত্তা শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয়ের পূর্ব্বপ্রদত্ত ২১০০৲ টাকার কোম্পানীর কাগজ ও তাহার সুদ এবং তাঁহার প্রদত্ত ও অন্যের প্রদত্ত পুস্তকগুলির বিক্রয়লব্ধ অর্থে বর্ষারম্ভে ২৪৬৪৸৶৩ ছিল। বর্ষমধ্যে উক্ত প্রকারে ৮০৷৵ আয় হইয়াছে। ৺ মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের কন্যা ও ৺ ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের পত্নী মহাশয়াকে সাহায্য বাবদ আলোচ্য বর্ষে ১৮১৲ দেওয়া বাদে বর্ষশেষে এই তহবিলে ২৩৬৪৲৩ উদ্বৃত্ত রহিয়াছে। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত পুলিন বাবু এই তহবিলে আরও ৩৷০ টাকা সুদের ৮৪০০৲ টাকার গবর্মেণ্ট প্রমিশারী নোট দান করিবার প্রস্তাব করিয়াছেন। কার্য্যনির্ব্বাহক সমিতি কর্ত্তৃক তাঁহার এই প্রস্তাবিত দানের সর্ত্তগুলি গৃহীত হইয়াছে। দান-পত্র রেজিষ্টারীর ব্যবস্থা হইতেছে।*

### বঙ্গীয়-সাহিত্য সম্মিলন

আলোচ্য বর্ষের ১৬ই ও ১৭ই চৈত্র বঙ্গীয় সাহিত্য-সম্মিলনের অষ্টাদশ অধিবেশন হাওড়া মাজু

---

* কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করা হইতেছে যে, ১৩৩৬ সালের প্রারম্ভেই এই কোং কাগজ এবং দান-পত্র পাওয়া গিয়াছে।

গ্রামে সম্পন্ন হইয়া গিয়াছে। ডাঃ শ্রীযুক্ত সুবোধচন্দ্র মুখোপাধ্যায় এম এ অভ্যর্থনা-সমিতির সভাপতি ও শ্রীযুক্ত মোহিনীমোহন ভট্টাচার্য্য এম এ, বি এল এবং শ্রীযুক্ত হরলাল মজুমদার মহাশয়দ্বয় সম্পাদক ছিলেন। মূল সভাপতি ছিলেন ডাঃ শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন রায় বাহাদুর। সাহিত্য, ইতিহাস, দর্শন ও বিজ্ঞান শাখার সভাপতি ছিলেন—ডাঃ শ্রীযুক্ত নরেশচন্দ্র সেন গুপ্ত, ডাঃ শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার, ডাঃ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দাশগুপ্ত এবং ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ। সম্মিলনে গৃহীত মন্তব্যগুলি পরিশিষ্টে প্রদত্ত হইল। মাজুতে সম্মিলনের কার্য্য পরিচালনের জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় পরিচালন-সমিতির সম্পাদককে বিশেষ সাহায্য করিয়াছিলেন।

আগামী বর্ষে দক্ষিণ-কলিকাতাবাসিগণ ভবানীপুরে সম্মিলনের উনবিংশ অধিবেশন আহ্বান করিয়াছেন।

উপসংহার

পরিষদের কার্য্যের প্রসার ক্রমশঃ বিস্তৃত হইতেছে। পঁয়ত্রিশ বৎসর পূর্ব্বে যে মহানুভাবগণ এই প্রতিষ্ঠানের ভিত্তি স্থাপনা করিয়াছিলেন, তাঁহাদের মাতৃভূমি ও মাতৃভাষার প্রতি যে গভীর প্রেম ও ভক্তি ছিল, পরবর্ত্তিগণ তাহারই বলে তাঁহাদের অনুষ্ঠিত কার্য্য এতাবৎ কাল চালাইয়া আসিতেছেন। এখনও আমাদের অনেক কার্য্য অসমাপ্ত রহিয়াছে। প্রতিষ্ঠাতাদের স্থাপিত ভিত্তির উপর তাঁহাদের আদর্শ-প্রতিম মন্দির আমরা এখনও গড়িয়া শেষ করিতে পারি নাই। পুস্তক ও পুথি ও ঐতিহাসিক উপাদানাদি সংগ্রহ ও সংরক্ষণ, চিত্রশালার উন্নতি, বিদ্বন্মণ্ডলী যাহাতে আমাদের সংগৃহীত উপাদান সহজে জানিতে পারেন ও ব্যবহার করিতে পারেন, তাহার ব্যবস্থা, ছাত্রগণের মধ্যে অনুসন্ধিৎসা জাগাইয়া তাহাদের যথার্থ পথ প্রদর্শন, ইত্যাদি অনেক কার্য্য আমরা প্রধানতঃ অর্থাভাবে সম্পূর্ণ করিয়া উঠিতে পারিতেছি না। বঙ্গদেশবাসীর নিজ হস্তে গঠিত প্রতিষ্ঠানটি যাহাতে সজীব ও শক্তিপূর্ণ হইয়া দেশের জ্ঞান-গৌরব ও ক্ষমতা উত্তরোত্তর বৃদ্ধি করে, সে ব্যবস্থা করা দেশবাসীর অবশ্যকর্ত্তব্য। আজ দেশের সর্ব্বসাধারণের উপর এই সুবৃহৎ অনুষ্ঠানটি রক্ষা করা ও সম্পূর্ণ করার যে ভার আছে, তাহা সকলকে স্মরণ করাইয়া দিতেছি। ইতি।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ মন্দির,
কলিকাতা,
বঙ্গাব্দ ১৩৩৬।২৬এ জ্যৈষ্ঠ।

কার্য্যনির্ব্বাহক-সমিতির পক্ষে
শ্রীযতীন্দ্রনাথ বসু
সম্পাদক।

# পরিশিষ্ট

## সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

### দৈনিক

১। Amrita Bazar Patrika, ২। Basumati*, ৩। The Bengalee, ৪। The Englishman*, ৫। The Forward, ৬। The Statesman*, ৭। আনন্দবাজার পত্রিকা, ৮। দৈনিক বসুমতী*, ৯। দৈনিক নদীয়া-প্রকাশ, ১০। বাঙ্গালার কথা।

### সাপ্তাহিক

১। The Calcutta Municipal Gazette, ২। Indian Messenger, ৩। The Mussalman, ৪। Navavidhan ৫। Welfare, ৬। Young India*, ৭। আত্মশক্তি, ৮। এডুকেশন গেজেট, ৯। খাদেম, ১০। খুলনাবাসী, ১১। গৌড়দূত, ১২। গৌড়ীয়, ১৩। চারুমিহির, ১৪। চুঁচড়া-বার্ত্তাবহ, ১৫। ঢাকা-প্রকাশ, ১৬। ত্রিস্রোতা, ১৭। নাচঘর, ১৮। পল্লীবাসী, ১৯। পাবনার কথা, ২০। প্রাস্তবাসী, ২১। ফরিদপুর হিতৈষিণী, ২২। বঙ্গবাসী, ২৩। বঙ্গ-রত্ন, ২৪। বসুমতী, ২৫। বীরভূম-বার্ত্তা, ২৬। মুক্তি, ২৭। মেদিনীপুর-হিতৈষী, ২৮। মোহাম্মদী, ২৯। শক্তি, ৩০। সঞ্জয়, ৩১। সঞ্জীবনী, ৩২। সময়, ৩৩। সুরাজ, ৩৪। স্বদেশী-বাজার, ৩৫। স্বায়ত্ত-শাসন, ৩৬। হিতবাদী, ৩৭। হিন্দু।

### পাক্ষিক

১। তত্ত্ব-কৌমুদী, ২। তরুণ-শক্তি, ৩। ধর্ম্মতত্ত্ব, ৪। সম্মিলনী, ৫। হিন্দু-মিশন।

### মাসিক

১। American Anthropologist, ২। The Calcutta Medical Journal, ৩। The Calcutta Review, ৪। Commercial India, ৫। Health and Happiness, ৬। Indian Antiquary*, ৭। Indian Medical Record, ৮। Industry, ৯। Journal of Ayurveda, ১০। Journal and Proceedings of the Asiatic Society of Bengal, ১১। Modern Review*, ১২। Property, ১৩। Welfare, ১৪। অর্চ্চনা, ১৫। আর্য্য-দর্পণ, ১৬। আর্থিক উন্নতি, ১৭। আহমদী, ১৮। উৎসব, ১৯। উদ্বোধন, ২০। উপাসনা, ২১। কায়স্থ-পত্রিকা, ২২। কায়স্থ-সমাজ, ২৩। কালি-কলম, ২৪। কৃষি-সম্পদ, ২৫। গন্ধবণিক্ মাসিক পত্র, ২৬। গৌড়প্রভা,

* তারকাচিহ্নিতগুলি ক্রীত হইয়াছিল।

২৭। চিকিৎসা-প্রকাশ, ২৮। জন্মভূমি, ২৯। তত্ত্ববোধিনী পত্রিকা, ৩০। তন্ত্র ও তন্ত্রী, ৩১। তাম্বুলী পত্রিকা, ৩২। তেলী-বান্ধব, ৩৩। প্রজাপতি, ৩৪। প্রবর্ত্তক, ৩৫। প্রবাসী ৩৬। বঙ্গসাহিত্য, ৩৭। বিচিত্রা, ৩৮। বিশাল ভারত ( হিন্দী ), ৩৯। ব্রহ্মবাদী, ৪০। ব্রহ্মবিদ্যা, ৪১। ব্রাহ্মণ-সমাজ, ৪২। ভক্তি, ৪৩। ভাণ্ডার, ৪৪। ভারতবর্ষ, ৪৫। মাতৃমন্দির, ৪৬। মাধবী, ৪৭। মানসী ও মর্ম্মবাণী, ৪৮। মাসিক বসুমতী, ৪৯। মাহিষ্য-সমাজ, ৫০। যোগিসখা, ৫১। রামধনু, ৫২। শনিবারের চিঠি, ৫৩। শাকদ্বীপি ব্রাহ্মণ, ৫৪। সাধনা, ৫৫। সাহিত্য-সংবাদ, ৫৬। সুবর্ণবণিক-সমাচার, ৫৭। শ্রীশ্রীসোণার গৌরাঙ্গ, ৫৮। সৌরভ, ৫৯। স্বাস্থ্য-সমাচার, ৬০। সঙ্গীত-বিজ্ঞান প্রবেশিকা, ৬১। সংস্কৃত-সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ৬২। হোমিওপ্যাথি পরিচারক।

দ্বৈমাসিক

১। গ্রামের ডাক, ২। প্রকৃতি, ৩। Indian Journal of Medicine, ৪। Museum of Fine Arts Bulletin, Boston

ত্রৈমাসিক

১। আসাম-সাহিত্য-সভার পত্রিকা, ( অসমীয়া ), ২। কর্ণাটক সাহিত্য-পরিষৎ-পত্রিকা ( কানাড়ী ), ৩। নাগরী-প্রচারিণী-পত্রিকা ( হিন্দী ), ৪। প্রতিভা, ৫। Indian Historical Quartery, ৬। Muslim Review, ৭। Quarterly Journal of the Andhra Historical Society, ৮। Quaterly Journal of the Mythic Society, ৯। ১০। Rupam, ১১। Bulletin of the School of Oriental Studies, London University ১২। Vishwa-Bharati Quarterly.

---

## শাখা-সমিতির সভ্যগণ

(ক) সাহিত্য শাখা

শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ—সভাপতি।

শ্রীযুক্ত বিশ্বেশ্বর ভট্টাচার্য্য বি এ, শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু এম এ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল, ৺বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম এ, রায় শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি বাহাদুর এম এ, শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত রমেশ বসু এম এ, শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ, শ্রীযুক্ত প্রমথ চৌধুরী এম এ, ব্যারিষ্টার, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায় সাহিত্যবিনোদ, রায় শ্রীযুক্ত জলধর সেন বাহাদুর, ডাঃ শ্রীযুক্ত আবদুল গফুর সিদ্দিকী অনুসন্ধান-বিশারদ, কবিশেখর শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম কবিভূষণ কাব্যালঙ্কার, শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় ভাষাতত্ত্বনিধি এম এ, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত বিজয়গোপাল গঙ্গোপাধ্যায়—আহ্বানকারী।

(খ) ইতিহাস-শাখা

শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল—সভাপতি।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম এ, ডাঃ শ্রীযুক্ত কুমার নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ্ ডি, ডাঃ শ্রীযুক্ত বেণীমাধব বড়ুয়া এম্ এ, ডি লিট, ডাঃ শ্রীযুক্ত উপেন্দ্রনাথ ঘোষাল এম্ এ, বি এল পি-এচ্ ডি, ডাঃ শ্রীযুক্ত কালিদাস নাগ এম এ, ডি লিট, ডাঃ শ্রীযুক্ত বিমলাচরণ লাহা এম এ, বি এল্, পি-এচ্ ডি, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত অজিত ঘোষ এম এ, বি এল, শ্রীযুক্ত বিশ্বেশ্বর ভট্টাচার্য্য বি এ, শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম এ, শ্রীযুক্ত তমোনাশ দাশ গুপ্ত এম এ, শ্রীযুক্ত রায় সাহেব নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্, সি আই ই, কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম এ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত রায় যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি বাহাদুর এম এ, শ্রীযুক্ত রমেশ বসু এম এ, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত বিনয়চন্দ্র সেন এম এ, বি এল্—আহ্বানকারী।

(গ) দর্শন-শাখা

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ—সভাপতি।

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত-রত্ন এম এ, বি এল্, শ্রীযুক্ত রায় খগেন্দ্রনাথ মিত্র বাহাদুর এম এ, শ্রীযুক্ত জ্ঞানরঞ্জন বন্দ্যোপাধ্যায় এম এ, বি এল, মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যতীর্থ, মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন, শ্রীযুক্ত মাধবদাস সাংখ্যতীর্থ এম এ, শ্রীযুক্ত কবিরাজ শ্যামাদাস বাচস্পতি, ডাঃ শ্রীযুক্ত শিশিরকুমার মৈত্র এম এ, পি-এচ্ ডি, ডাঃ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দাশ গুপ্ত এম এ, পি-এচ্ ডি, ডাঃ শ্রীযুক্ত অভয়কুমার গুহ এম এ, বি এল, পি-এচ্ ডি, শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ, শ্রীযুক্ত মনীষিনাথ বসু সরস্বতী এম এ, বি এল, শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও স্বর্গীয় নলিনাক্ষ ভট্টাচার্য্য—আহ্বানকারী

(ঘ) বিজ্ঞান-শাখা

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত এম এ, এফ্ জি এস্—সভাপতি।

রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর রসায়নাচার্য্য সি আই ই, আই এস্ ও, এম্ বি, এফ্ সি এস্, ডাঃ শ্রীযুক্ত হেমেন্দ্রকুমার সেন এম এ, ডি এস-সি, ডাঃ শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস্-সি (এডিন), এফ আর এস ই; ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস-সি, এম ডি, এফ জেড্ এস্, শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, এফ সি এস্, শ্রীযুক্ত দ্বারকানাথ মুখোপাধ্যায় এম এস্-সি, কবিরাজ শ্রীযুক্ত শ্যামাদাস বাচস্পতি, রায় শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি বাহাদুর এম্ এ, রায় শ্রীযুক্ত হরিনাথ ঘোষ এম্ ডি বাহাদুর, শ্রীযুক্ত চন্দ্রকুমার সরকার, শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ দত্ত এম্ এ, পি-এচ ডি, শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী এম এ, পি-এচ্ ডি, ডাঃ শ্রীযুক্ত সহায়রাম বসু এম এ, বি এল, ডি এস্-সি, শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ—আহ্বানকারী।

(ঙ) আয়-ব্যয়-সমিতি

শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম্ এ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র ঘোষ, শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত অনাথবন্ধু দত্ত এম এ, শ্রীযুক্ত রমণীকান্ত বসু, শ্রীযুক্ত সতীশচন্দ্র বসু, শ্রীযুক্ত মাধবদাস সাংখ্যতীর্থ এম এ, শ্রীযুক্ত গিরিজাকুমার বসু, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ বসু বি এ অহ্বানকারী।

(চ) ছাপাখানা-সমিতি

শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত নলিনাক্ষ ভট্টাচার্য্য, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত বিজয়গোপাল গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত নৃপেন্দ্রকুমার বসু, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত প্যারীমোহন সেন গুপ্ত, কবিরাজ শ্রীযুক্ত ইন্দুভূষণ সেন, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র ঘোষ—আহ্বানকারী।

(ছ) পুস্তকালয়-সমিতি

শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন, শ্রীযুক্ত নলিনাক্ষ ভট্টাচার্য্য, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত বিশ্বেশ্বর ভট্টাচার্য্য বি এ, শ্রীযুক্ত রমেশ বসু এম এ, শ্রীযুক্ত মুনীন্দ্রদেব রায় মহাশয়, শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ এম এ, শ্রীযুক্ত ডাঃ যতীন্দ্রনাথ মৈত্র এম বি, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, পরিষদের সভাপতি এবং সম্পাদক ও শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত—আহ্বানকারী।

(জ) চিত্রশালা-সমিতি

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম এ, খান বাহাদুর শ্রীযুক্ত হেদায়েত হোসেন সামস্-উল্ উলেমা, কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম এ, শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস-সি (এডিন্), এফ আর এস ই, শ্রীযুক্ত অর্দ্ধেন্দ্রকুমার গঙ্গোপাধ্যায় বি এ, এটর্ণী, ডাঃ শ্রীযুক্ত কালিদাস নাগ এম এ, ডি লিট্, শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট্, শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম এ, কুমার ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ ডি, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম এ, এফ জি এস্, শ্রীযুক্ত হারাণচন্দ্র চাকলাদার এম এ, বি এল, শ্রীযুক্ত রমেশ বসু এম এ, শ্রীযুক্ত বিনয়চন্দ্র সেন এম এ, বি এল্, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস্ সি, এম ডি, এফ্ জেড্ এস্, শ্রীযুক্ত অজিত ঘোষ এম এ, বি এল, পরিষদের সভাপতি এবং সম্পাদক।

বৈজ্ঞানিক পরিভাষার শাখা-সমিতিগুলি

আহ্বানকারী—শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম্ এ।

(ক) রসায়ন-সমিতি

ডাঃ শ্রীযুক্ত হেমেন্দ্রকুমার সেন এম এ, ডি এস-সি, ডাঃ শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী এম এ, পি-এচ ডি, ডাঃ শ্রীযুক্ত অনুকূলচন্দ্র সরকার এম এ, পি-এচ ডি, শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম এ, এফ সি এস, রায় শ্রীযুক্ত চুণীলাল বসু বাহাদুর রসায়নাচার্য্য সি আই ই, আই এস ও, এম বি, এফ সি এস্, শ্রীযুক্ত সুবোধকুমার

মজুমদার এম এ, ডাঃ শ্রীযুক্ত মহেন্দ্রনাথ গোস্বামী ডি এস-সি, শ্রীযুক্ত দীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত উমাপতি বাজপেয়ী এম এ।

(খ) পদার্থ-তত্ত্ব, গণিত ও জ্যোতিষ-সমিতি

ডাঃ শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ চক্রবর্ত্তী এম এ, ডি এস-সি, ডাঃ শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত ডি, এস-সি, শ্রীযুক্ত অনঙ্গমোহন সাহা বি এ, বি ই, শ্রীযুক্ত দ্বারকানাথ মুখোপাধ্যায় এম এস-সি, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস-সি, এম ডি, এফ্ জেড এস্, শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ, শ্রীযুক্ত গিরিশচন্দ্র লাহা এম এ।

(গ) উদ্ভিদ তত্ত্ব-সমিতি

শ্রীযুক্ত গিরীশচন্দ্র বসু এম এ, এফ সি এস, ডাঃ শ্রীযুক্ত সহায়রাম বসু এম এ, বি এল, পি-এচ ডি, শ্রীযুক্ত গিরিজাপ্রসন্ন মজুমদার এম এ, শ্রীযুক্ত অলক সেন এম এ, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস-সি, এম্ ডি, শ্রীযুক্ত অমূল্যতোষ দাশগুপ্ত এম এ।

(ঘ) প্রাণিতত্ত্ব-সমিতি

ডাঃ শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস-সি ( এডিন ), এফ আর ই এস, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস-সি এম ডি, ডাঃ শ্রীযুক্ত বি কে দাস ডি এস-সি।

(ঙ) ভূতত্ত্ব-সমিতি

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম এ, এফ জি এস, শ্রীযুক্ত কিরণকুমার সেনগুপ্ত এম এস-সি, শ্রীযুক্ত শরৎলাল বিশ্বাস এম এস্-সি।

হরপ্রসাদ সংবর্দ্ধন গ্রন্থ-প্রকাশ-সমিতি

শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু এম এ, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম এস-সি, এম ডি, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত অমলচন্দ্র হোম, ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত বিজয়গোপাল গঙ্গোপাধ্যায়, কুমার ডাঃ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ লাহা এম এ, বি এল, পি-এচ ডি—আহ্বানকারী।

আয়-বৃদ্ধি ও ব্যয়-সঙ্কোচ-সমিতি

শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ, শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত অজিত ঘোষ এম এ,শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র ঘোষ এবং পরিষদের সম্পাদক (আহ্বানকারী)।

পুরস্কার-প্রবন্ধ-নির্ব্বাচন-সমিতি

শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত বিনয়চন্দ্র সেন এম এ, বি এল, শ্রীযুক্ত সুকুমার-রঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি, ( আহ্বানকারী )।

গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-চিত্র-নির্ব্বাচন সমিতি

শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত অজিত ঘোষ এম এ, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম কবিভূষণ ( আহ্বানকারী )।

প্রাদেশিক শব্দ-সংগ্রহ সমিতি

শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ, ( আহ্বানকারী )।

কর্ম্মচারিগণের কার্য্য-ব্যবস্থা ও কার্য্য-নির্দ্দেশ সমিতি

শ্রীযুক্ত নিবারণচন্দ্র রায় এম এ, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, ডাঃ শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী এম এ, পি-এচ ডি, শ্রীযুক্ত সুকুমাররঞ্জন দাশ এম এ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্-সি, পরিষদের সম্পাদক এবং শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র ঘোষ ( আহ্বানকারী )।

বার্ষিক কার্য্য-বিবরণ পরিদর্শন সমিতি

পরিষদের সভাপতি, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম এ, বি এল, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ এবং পরিষদের সম্পাদক।

জ্যোতিষ সমিতি

ডাঃ শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এম ডি, এম এস্ সি, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম এ, শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র ঘোষ এম এ, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম এ, শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ তারাসিদ্ধান্তবিনোদ বি এল, শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন ( আহ্বানকারী )।

চণ্ডীদাস-সম্পাদক-সঙ্ঘ

শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, রায় শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম এ বাহাদুর, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্য-রত্ন।

প্রাচীন বঙ্গ-সাহিত্য কোষ সমিতি

পরিষদের সভাপতি, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম এ, বি এল, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম এ, ডি লিট, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ এবং শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী কাব্যতীর্থ এম এ ( আহ্বানকারী )।

---

## শাখা-পরিষদের কার্য্য-বিবরণ

### রঙ্গপুর-শাখা

চতুর্ব্বিংশ বর্ষ

সভাপতি—রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুর।

সম্পাদক—শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী।

সদস্য-সংখ্যা—আজীবন ১, বিশিষ্ট ৩, অধ্যাপক ৫, সাধারণ ১০৮ ও ছাত্র ৪৮, মোট ১৬৫।

নিম্নলিখিত সদস্যগণের মৃত্যু হইয়াছে—প্রিয়নাথ পাকড়াশী, অমূল্যদেব পাঠক বি এল, তারাসুন্দর রায় বি এল, যাদবচন্দ্র দাস বাণীভূষণ, নবদ্বীপচন্দ্র চক্রবর্ত্তী ও গণেন্দ্রনাথ পণ্ডিত এবং ছাত্রসভ্য—গিরিজাপ্রসন্ন লাহিড়ী কাব্য-ব্যাকরণতীর্থ এম এ।

শাখার বার্ষিক অধিবেশনে মূল-পরিষদের সহকারী সভাপতি স্যর শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এম এ, এল এল ডি, সি আই ই মহাশয় সভাপতিত্ব করেন।

অধিবেশন-সংখ্যা—১০। পঠিত প্রবন্ধের তালিকা—

অস্তাচলে শশধর—শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র বিদ্যাভূষণ।

স্মৃতিপূজা—শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন।

লক্ষ্মীদেবীর ব্রতকথা—শ্রীযুক্ত নিবারণচন্দ্র চক্রবর্ত্তী।

বাউল সঙ্গীত ও লালন শাহ্ ফকীর—শ্রীযুক্ত যতীন্দ্রনাথ সেন।

বঙ্গভাষা—কুমারী সিন্ধুবালা আতর্থী।

শাখার পরিচালনে উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের অধিবেশন ১২ই ও ১৩ই শ্রাবণ তারিখে শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহাশয়ের সভাপতিত্বে সম্পন্ন হয়। এই সম্মিলনের কার্য্য-বিবরণ মুদ্রিত হইতেছে।

একটী বিষ্ণুমূর্ত্তি চিত্রশালার জন্য সংগৃহীত হইয়াছে।

নিম্নলিখিত চারিটী পদক ছাত্রসভাগণের প্রবন্ধ-প্রতিযোগিতার জন্য দেওয়া হইবে,—

| | বিষয় | পদক | প্রদাতা |
|---|---|---|---|
| ১। | বঙ্গভাষায় প্রবন্ধ রচনার জন্য (বিষয় পরে বিজ্ঞাপিত হইবে) | স্বর্ণপদক | রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুর। |
| ২। | নারীশিক্ষা | রৌপ্য পদক | শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী। |
| ৩। | বাঙ্গালা সাহিত্যের প্রকৃত স্বরূপ | ,, | শ্রীযুক্ত রায় মৃত্যুঞ্জয় রায়চৌধুরী বাহাদুর। |
| ৪। | গিরিজাপ্রসন্ন লাহিড়ী মহাশয়ের সাহিত্য-সাধনা | ,, | শ্রীযুক্ত কালীপদ বাগছী। |

শাখা, বঙ্গীয় গবর্ণমেণ্টের নিকট এককালীন দান ১৪০৲ এবং রঙ্গপুর ডিষ্ট্রিক্ট বোর্ড হইতে দুই বৎসরের সাহায্য ৬০০৲ পাইয়াছেন।

আয় ৮৯১॥৶০, গত বর্ষের উদ্বৃত্ত তহবিল ১০৬২৷/০, ব্যয় ৪০৯/৯, স্থায়ী ধন-ভাণ্ডারে রক্ষিত ১৫০০৲, উদ্বৃত্ত ৫০৷৶৩।

---

## ভাগলপুর-শাখা

১৩৩৫

সভাপতি—শ্রীযুক্ত রণজিৎ সিংহ এম এ, বি এল।

সম্পাদক—শ্রীযুক্ত অমূল্যকৃষ্ণ রায় এম এ, বি এল।

সদস্য-সংখ্যা—৯১, তন্মধ্যে ৬ জন মহিলা-সদস্য।

অধিবেশন-সংখ্যা ৫। অধিবেশনে পঠিত প্রবন্ধ ও লেখক—ভারতীয় সঙ্গীত—শ্রীযুক্ত মেঘেন্দ্রলাল রায় বি এ।

শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়কে ত্রিপঞ্চাশৎ জন্মতিথি উপলক্ষে অভিনন্দিত করা হয়।

পুস্তক-সংখ্যা—৭৫০। মাসিক ও সাপ্তাহিক পত্র ৮ খানি লওয়া হয়।

গৃহনির্ম্মাণ-তহবিলে আলোচ্য বর্ষে ৩৩০৪৲ সংগৃহীত হইয়াছে।

আয়—২৩৩৮৭॥, ব্যয়—২৩০॥৶০, উদ্বৃত্ত—৩/৭॥০।

ভাগলপুর ইনষ্টিটিউট গৃহে শাখার কার্য্যালয় রহিয়াছে। স্থানীয় প্রবাসী বঙ্গসন্তানগণ শাখার হিতসাধনে প্রবৃত্ত হইয়াছেন।

---

## ত্রিপুরা-শাখা

১৩৩৪।১৩৩৫ বঙ্গাব্দ।

সভাপতি—শ্রীযুক্ত দ্বিজদাস দত্ত এম এ।

সম্পাদক—শ্রীযুক্ত প্রকাশচন্দ্র দাস বি এল।

সদস্য-সংখ্যা—২৩৫।

অধিবেশন-সংখ্যা—১৮। এই সকল অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত গুরুবন্ধু ভট্টাচার্য্য, অধ্যাপক শ্রীযুক্ত জ্যোৎস্নাময় বসু, রায় শ্রীযুক্ত সুরেশচন্দ্র সিংহ বাহাদুর, শ্রীযুক্ত অবনীমোহন চক্রবর্ত্তী, শ্রীযুক্ত সুধীরকুমার কর, শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য বি এ বি ই, শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তী এম এ, শ্রীযুক্ত পরেশচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায়চৌধুরী, শ্রীযুক্ত মহিমচন্দ্র দাস এম এ, বি এল শ্রীযুক্ত অমরেন্দ্র লাহিড়া, শ্রীযুক্ত নীহাররঞ্জন সেন বি এ, কাব্যতীর্থ বৈদ্যশাস্ত্রী, শ্রীযুক্ত বৈকুণ্ঠচন্দ্র দত্ত, শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র রায় তত্ত্বনিধি মহাশয়গণ প্রবন্ধ পাঠ করেন।

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও স্যর শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয়দ্বয়কে সংবর্দ্ধনার জন্য দুইটী বিশেষ অধিবেশন হয়।

পাঠাগারে তিন শতের অধিক প্রাচীন পুথি সংগৃহীত হইয়াছে।

মূর্ত্তি-সংগ্রহ। কুমিল্লার ছয় মাইল দূরে ময়নামতী পাহাড় হইতে কয়েকটি মূর্ত্তি সংগৃহীত হইয়াছে। উক্ত পাহাড়-গাত্রে যে লিপি রহিয়াছে, তাহার পাঠোদ্ধারের ব্যবস্থা হইয়াছে।

আয় অপেক্ষা ব্যয় অধিক হওয়ায় সদস্যগণ চাঁদা তুলিয়া দেনা মিটাইয়াছেন।

শাখার গৃহ নির্ম্মাণের জন্য শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র রায় তত্ত্বনিধি মহাশয় ৫০০৲ সাহায্যের প্রতিশ্রুতি দিয়াছেন।

তত্ত্বজ্ঞান-সমিতির গৃহে পরিষৎকে স্থান দান করিয়া উক্ত সমিতির কর্ত্তৃপক্ষগণ পরিষদের বিশেষ কৃতজ্ঞতা-ভাজন হইয়াছেন।

---

## মেদিনীপুর শাখা

সভাপতি—শ্রীযুক্ত মন্মথনাথ বসু সরস্বতী এম এ, বি এল, এম আর এ এস।

সম্পাদক—শ্রীযুক্ত নলিনীনাথ দে।

সদস্য-সংখ্যা—১১১, অধিবেশন সংখ্যা—৩০।

শাখার মাসিক অধিবেশনাদিতে পঠিত প্রবন্ধগুলি শাখা-পরিষদের মুখপত্র "মাধবী" মাসিক পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

গ্রন্থাগারের পুস্তক-সংখ্যা ১৪৬০।

আয়-ব্যয়:—আয় ২৫২৲, ব্যয় ২০৪।১৫, উদ্বৃত্ত ৪৭॥৴৫।

বালক বালিকাগণকে আবৃত্তি প্রতিযোগিতায় উৎসাহিত করিবার জন্য 'জ্ঞানদাময়ী রৌপ্য-পদক" এবং "শশিপ্রভা রৌপ্য-পদক" দানের ঘোষণা শাখা-পরিষৎ হইতে করা

হইয়াছে। প্রথমটীর দাতা শ্রীযুক্ত আশুতরঞ্জন কর্মকার বি এল এবং দ্বিতীয়টির দাতা শ্রীযুক্ত শৈলেশনাথ বিশি বি এল।

শাখা-পরিষদের ষোড়শ বার্ষিক অধিবেশনে শ্রীযুক্ত অমৃতলাল বসু মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

---

## উত্তরপাড়া-শাখা

১৩৩৫ বঙ্গাব্দ।

সভাপতি—শ্রীযুক্ত ললিতমোহন রায় চৌধুরী।

সম্পাদক—শ্রীযুক্ত ললিতমোহন মুখোপাধ্যায়।

সভ্য-সংখ্যা—৭০। অধিবেশন-সংখ্যা ১১ (তন্মধ্যে সাধারণ ৩টী ও কার্য্যনির্ব্বাহক-সমিতি ৮টী)। পুস্তক-সংখ্যা চারি হাজারের অধিক। ষ্টার ইউনিয়ন লাইব্রেরীর পুস্তকগুলি খরিদ হইয়াছে। গ্রন্থাগারে ৬ খানি মাসিক ও ২ খানি দৈনিক পত্র লওয়া হয়।

শাখার সম্পাদক মূল-পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন।

শাখা, গ্রাম-সংগঠন বিষয়ে অগ্রসর হইয়াছেন এবং উত্তরপাড়ায় 'সমবায় কোষ' ( Co-operative Bank ) স্থাপন করিয়াছেন। উহার মূলধন ৫০,০০০৲

মাজুতে বঙ্গীয়-সাহিত্য সম্মিলনে শাখা প্রতিনিধি পাঠাইয়াছিলেন।

আয় ৭৪২৲৬, ব্যয় ৭৩৮৶৬, উদ্বৃত্ত ৫।০। এতদ্ব্যতীত ব্যাঙ্কের হিসাব পৃথক্।

---

## গৌহাটী শাখা

বিংশ বর্ষ—১৩৩৫ বঙ্গাব্দ।

সভাপতি—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম এ।

সম্পাদক—শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায় এম এ।

অধিবেশন-সংখ্যা ৭। অধিবেশনে পঠিত প্রবন্ধাদির নাম ও লেখকগণের নাম প্রদত্ত হইল।

| | |
|---|---|
| বৃহত্তর ভারত-পরিষৎ | শ্রীযুক্ত সত্যভূষণ সেন। |
| আত্মঘাতী ( দার্শনিক ) | ,, আশুতোষ চট্টোপাধ্যায় এম এ। |
| শক্তির কণাবাদ ( বৈজ্ঞানিক ) | ,, শশিভূষণ মানী এম ডি, এম এস্-সি। |
| মেঘে আলোক ( গল্প ) | ,, সত্যভূষণ সেন। |
| ভক্তের স্তরভেদ | ,, হরিজীবন গোস্বামী। |
| কবি ব্রাউনিং | ,, প্রমোদচন্দ্র গোস্বামী এম এ। |
| রাসায়নিক আবিষ্কারে দৈব ঘটনার প্রভাব ( বৈজ্ঞানিক ) | ,, আনন্দকিশোর দাস এম এ, বি এস-সি। |
| সোডা প্রস্তুতের ইতিহাস (ঐ) | ,, ,, ,, ,, |
| কন্যাদায়ের সমারোহ (গল্প) | ,, সত্যভূষণ সেন। |

| | |
|---|---|
| বর্ষ-বোধন (কবিতা) | শ্রীমতী স্বর্ণলতা দাশগুপ্তা সরস্বতী। |
| ব্রাউনিংএর 'রবিবেন এজরা" | শ্রীযুক্ত প্রমোদচন্দ্র গোস্বামী এম এ। |
| বেলুচিস্থানের স্মৃতি | ,, সত্যভূষণ সেন। |
| রাজা ক্রক (ইতিহাস) | ,, ভুবনমোহন সেন এম এ। |
| সাধনার স্তর | ,, হরিজীবন গোস্বামী। |

"দেশাত্মবোধে ক্ষীরোদপ্রসাদ" বিষয়ে প্রবন্ধ রচনার জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়-প্রদত্ত রৌপ্য-পদক দেওয়া হয়।

• (ক) ৺বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ, (খ) ৺সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, (গ) ৺মণিলাল গঙ্গোপাধ্যায় এবং (ঘ) ৺যোগীন্দ্রনাথ সমাদ্দার মহাশয়গণের পরলোকগমনে শোক প্রকাশ করা হয়।

## কটক-শাখা

ব্যবস্থা:—শ্রীযুক্ত ললিতকুমার দাশগুপ্ত এম্ এ, বি এল।

অধিবেশন-সংখ্যা ১৯ (সাধারণ-সভা ৪, প্রবন্ধালোচনা সভা ৭, বালক-সভা ২, হাস্যোদ্দীপক প্রবন্ধালোচনা-সভা ৬)।

অধ্যাপক শ্রীযুক্ত শশাঙ্কমোহন মুখোপাধ্যায় মহাশয় 'সেতার' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। এতদ্ব্যতীত "মানবজীবনে সাহিত্যের স্থান", "আর্টের ভবিষ্যৎ", "কৃত্তিবাসের রাম ও রাবণ-চরিত্র", "বর্ত্তমান ভারতে সংস্কৃত শিক্ষার অনাবশ্যকতা", "রবীন্দ্রনাথের কাব্য-প্রতিভা" প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল মহাশয় "যুগধর্ম্ম ও সাহিত্য" বিষয়ে বক্তৃতা দেন।

পুস্তকাগারের বিশেষ উন্নতি হইয়াছে। ১১খানি মাসিক, ৩ খানি সাপ্তাহিক ও ৬ খানি দৈনিক পত্রিকা লওয়া হয়।

আয় ৪০০৲, ব্যয় ৪৩৬৲। ব্যাঙ্কে গচ্ছিত স্থায়ী ভাণ্ডারের তহবিল হইতে ৩৬৲ লইয়া দেনা মিটান হয়।

## নদীয়া-শাখা

সভাপতি—রায় শ্রীযুক্ত দীননাথ সান্ন্যাল বাহাদুর বি এ, এম বি।

সম্পাদক—শ্রীযুক্ত ললিতকুমার চট্টোপাধ্যায় বি এল।

অধিবেশন-সংখ্যা—২। এক অধিবেশনে মহারাজ ক্ষৌণীশচন্দ্র রায় বাহাদুরের পরলোক-গমনে শোক প্রকাশ করা হয় এবং শ্রীযুক্ত ললিতকুমার চট্টোপাধ্যায় বি এল মহাশয় প্রবন্ধ পাঠ করেন। দ্বিতীয় অধিবেশনে শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার এম এ মহাশয় "বিবাহপ্রথা—পাশ্চাত্য ও ভারতীয়" বিষয়ে প্রবন্ধ পাঠ করেন। রামগোপাল টাউন হলে শাখার অধিবেশনগুলি হইয়াছিল।

শাখার সদস্য-সংখ্যার হ্রাস হইয়াছে ও কোন চাঁদাও আদায় হয় নাই।

## মীরাট-শাখা

সভাপতি—ডাঃ শ্রীযুক্ত হিমাংশুশেখর বন্দ্যোপাধ্যায় এল এম এস।

সম্পাদক—শ্রীযুক্ত অবনীনাথ রায় বি এ।

সদস্য সংখ্যা ৯০, অধিবেশন সংখ্যা—১৩। এই সকল অধিবেশনে পঠিত প্রবন্ধ ও লেখকগণের নাম,—

ধর্ম্ম (১ম ২য় অংশ)—শ্রীযুক্ত গণেশচন্দ্র দে।

অবিচার—শ্রীযুক্ত অবিনাশচন্দ্র নন্দী।

কাব্য ও প্রকৃতি—শ্রীযুক্ত ফণিভূষণ চন্দ এম এ।

সে কাল ও এ কাল—কবিরাজ শ্রীযুক্ত প্রফুল্লরতন রায়।

বাংলার সেনরাজগণ—শ্রীযুক্ত ললিতমোহন রায় বিদ্যাবিনোদ।

বর্ত্তমান কৃষিকার্য্য—শ্রীযুক্ত সন্তোষকুমার রায়।

আয়ুর্ব্বেদের উদ্ভিদ্‌তত্ত্ব ও আচার্য্য জগদীশচন্দ্র - শ্রীযুক্ত ললিতমোহন রায় বিদ্যাবিনোদ।

সাহিত্য (বক্তৃতা)—অধ্যাপক ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র চৌধুরী এম এ, ডি এল্।

বৃহত্তর ভারত (বক্তৃতা)—ডাঃ শ্রীযুক্ত বিজনরাজ চট্টোপাধ্যায় এম এ, পি-এইচ্ ডি, ডি লিট্

(ক) রায় শ্রীযুক্ত জলধর সেন বাহাদুর, (খ) শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং (গ) ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র চৌধুরী মহাশয়কে সংবর্দ্ধনা করা হয়।

শ্রীযুক্ত মনোরঞ্জন চট্টোপাধ্যায় বি এ ৫টি, শ্রীযুক্ত তরণীকান্ত রায় বি এ একটি, শ্রীযুক্ত দুর্গাচরণ মিত্র ৬টি, শ্রীমতী প্রতিভাময়ী দেবী একটি, শ্রীযুক্ত পঞ্চানন সেন একটি ও শ্রীযুক্ত হেমন্তকুমার লাহিড়ী দুইটি গান গাহিয়া সভার সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছিলেন।

যাঁহাদের গৃহে অধিবেশন হইয়াছিল, তাঁহাদের নাম,—শ্রীযুক্ত ইন্দ্রকান্ত মিত্র, ডাঃ শ্রীযুক্ত রমেশচন্দ্র মিত্র, আনাজমণ্ডি মেস, শ্রীযুক্ত হরিপদ দত্ত, অধ্যাপক শ্রীযুক্ত হরিমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত সন্তোষকুমার রায়, বাকিংহাম মেস, শ্রীযুক্ত পঞ্চানন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ সেনগুপ্ত এবং ৺দুর্গাবাড়ী।

## শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয় কর্ত্তৃক দুঃস্থ-সাহিত্যিক ভাণ্ডারে অর্থ দানের নিয়োগ-পত্র।

Seal of the Registrar of Calcutta.
No. 1356 of 27-5-29

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

সাং—২৪৩।১ নং অপার সারকুলার রোড, সহর কলিকাতা।

( ইংরাজি ১৮৬০ সালের ২১ নং আইনানুসারে রেজেষ্টরীকৃত সভা। )

বরাবরেষু—

লিখিতং— শ্রীপুলিনবিহারী দত্ত, পিতা ৺প্রসাদদাস দত্ত,

সাং— ১ নং শিকদারপাড়া লেন, সহর কলিকাতা। জাতি সুবর্ণ-বণিক, পেশা—জমিদারী।

কস্য ট্রষ্ট ( Trust ) বা নিয়োগ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি বঙ্গ-ভাষার সেবক দুঃস্থ সাহিত্যিকগণকে সাহায্য করিবার সঙ্কল্প করিয়া, আপনাদের হস্তে ১০৫০০৲ দশ হাজার পাঁচ শত টাকার বার্ষিক ৩৷৷০ টাকা সুদের ভারত গবর্ণমেণ্টের সিকিউরিটি বা প্রমিসারি নোট দিবার ইচ্ছা করিয়াছিলাম। ঐ পরিমাণ সিকিউরিটির বর্ত্তমান বাজার মূল্য প্রায় ৭৬০০৲ সাত হাজার ছয় শত টাকা হইতেছে। তন্মধ্যে নিম্নে ( ক ) তপশীলে বর্ণিত ২১০০৲ দুই হাজার এক শত টাকার সিকিউরিটি আপনাদের হস্তে পূর্ব্বে দিয়াছি। অদ্য ( খ ) তপশীলে বর্ণিত ৮৪০০৲ আট হাজার চারি শত টাকার সিকিউরিটি আপনাদের হস্তে দিতেছি। উক্ত ১০৫০০৲ দশ হাজার পাঁচ শত টাকার সিকিউরিটি আপনাদের হস্তে ( Trust ) ন্যস্ত রহিল। উক্ত সিকিউরিটির সুদ যে যে সময়ে প্রাপ্য হইবে, আপনারা উঠাইয়া লইবেন ও গ্রহণ করিবেন। ঐ সুদের টাকা হইতে আমার পরলোকগতা সহধর্ম্মিণীর অন্তিম অনুরোধ-মত কোন একটি দুঃস্থ সাহিত্যিকের অসহায় শিশুকে মাসিক ৫৲ পাঁচ টাকা দান করিয়া সাহায্য করিবেন। ও অবশিষ্ট সুদের টাকা হইতে বঙ্গ-ভাষার সেবক এক বা একাধিক দুঃস্থ সাহিত্যিককে অথবা তাঁহার বা তাঁহাদের পরিবারগণকে এককালীন বা মাসে মাসে সাহায্য করিবেন।

কাহাকে বা কাহাদিগকে সাহায্য করা হইবে, কি পরিমাণ বা কিরূপ সাহায্য করা হইবে, ও কত দিনের জন্য সাহায্য করা হইবে, তাহার বিচার ও ব্যবস্থা করিবার ভার ( discretion ) আপনাদের কার্য্যনির্ব্বাহক-সমিতির উপর অর্পণ করিলাম। কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যেরা কৃতবিদ্য সজ্জন। আমার বিশ্বাস, তাঁহারা জাতিধর্ম্মনির্ব্বিশেষে ও পক্ষপাতশূন্য হইয়া দান-গ্রহণ-যোগ্য পাত্র নির্ব্বাচন করিবেন। উক্ত কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক যেরূপ বিচার ও ব্যবস্থা হইবে, সুদের টাকা উক্ত উদ্দেশ্যে তদনুরূপে ব্যয় হইবে।

এতদ্ব্যতীত ঐ সুদের টাকা পরিষৎ অন্য কোনও উদ্দেশ্যে কিংবা অন্য কোনও রূপে ব্যয় করিতে বা হাওলাত লইতে পারিবেন না।

আরও প্রকাশ থাকে যে, যদি কোনও সময়ে উক্ত কার্য্যনির্ব্বাহক-সমিতির বিবেচনায় উপযুক্ত পাত্র না পাওয়া যায়, তখন বঙ্গীয় সাহিত্য-পরিষৎ বর্ষশেষে উদ্বৃত্ত সুদের টাকা লইয়া যতটা পারেন ৩।• সাড়ে তিন টাকা সুদের গবর্ণমেণ্ট সিকিউরিটি খরিদ করিয়া এই তহবিলের ফণ্ড বা মূলধন বৃদ্ধি করিবেন। ও সেই বৃদ্ধি এই দলিলের দ্বারা স্থাপিত ট্রষ্ট-ফণ্ডভুক্ত হইবে ও তাহার আয় এই দলিলের নিয়ম মত নিয়োজিত হইবে।

যদি কোন সময়ে আপনাদের সাহিত্য-পরিষৎ স্থায়ী না হয় বা লুপ্ত হয়, তাহা হইলে ঐ ১০৫০০৲ দশ হাজার পাঁচ শত টাকার সিকিউরিটি ও বৃদ্ধি হইলে ঐ বর্দ্ধিত ফণ্ড আমার স্বদেশবাসী বাঙ্গালীর স্থাপিত কোন অনুরূপ স্থায়ী প্রতিষ্ঠানের হস্তে অথবা অফিসিয়াল ট্রষ্টী ( Official Trusty )র হস্তে ন্যস্ত হইবে। এই ট্রান্স্ফার বা ( Selection ) বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শেষ কার্য্যনির্ব্বাহক-সমিতির সদস্যগণে করিবেন। ও উক্ত ট্রষ্ট ফণ্ডের সিকিউরিটির সুদের টাকা উপরিলিখিত নিয়মমত ব্যয় হইবে, তাহাতে কস্মিন্ কালে কোনরূপ অন্যথা হইবে না। যদি সাহিত্য-পরিষৎ উপরিউক্ত নির্দ্দেশের ( direction ) কোনরূপ ব্যতিক্রম করেন বা পরিষৎ উঠিয়া গেলে ট্রান্স্ফার না করিয়া দেন, তবে আমি বা আমার উত্তরাধিকারীদের মধ্যে যে কেহ অফিসিয়াল ট্রষ্টের হস্তে এই ফণ্ড ট্রান্স্ফার করিয়া দিতে ক্ষমতাবান রহিলেন। এইরূপ ট্রান্স্ফার করিতে যে কিছু খরচ লাগিবে, এই ফণ্ডের সুদের টাকা হইতে ঐ ব্যয় নির্ব্বাহ হইবে। এতদর্থে স্বইচ্ছায় স্বচ্ছন্দচিত্তে আমি অত্র ( Trust ) বা নিয়োগ-পত্র সম্পাদন করিলাম। ইতি—ইংরাজী ১৭ই মে, সন ১৯২৯ সাল। ৩রা জ্যৈষ্ঠ সন ১৩৩৬ সাল।

"ক" তপশীল—

| | | | |
|---|---|---|---|
| ১৮৫৪।৫৫ | সালের | ২০৭৭৩৬ নং | এককেতা ৫০০৲ পাঁচশত টাকার |
| ঐ | ঐ | ১৯১৫১৭ নং | এককেতা ৫০০৲ পাঁচশত টাকার |
| ঐ | ঐ | ১৯৭৫৮৬ নং | এককেতা ১০০৲ একশত টাকার |
| ১৯০০।১ | ঐ | ৩০৩০১৯ নং | এককেতা ৫০০৲ পাঁচশত টাকার |
| ঐ | ঐ | ২৬১২৬৪ নং | এককেতা ১০০৲ একশত টাকার |
| ঐ | ঐ | ২৬৫২৬৫ নং | এককেতা ১০০৲ একশত টাকার |
| ঐ | ঐ | ২৬২৩৬৩ নং | এককেতা ১০০৲ একশত টাকার |
| ঐ | ঐ | ২৬২৩৬২ নং | এককেতা ১০০৲ একশত টাকার |
| ঐ | ঐ | ২৭৯২৫৭ নং | এককেতা ১০০৲ একশত টাকার। |
| মোট ৯ নয় কেতা (৯) | | | ২১০০৲ দুই হাজার একশত টাকা। |

"খ" তপশীল—

১৯০০—১ সালের ৩৪১।৫৩ নং এককেতা ৮৪০০৲ আট হাজার চারি শত টাকা।

একুনে ১০ দশ কেতা একুন ১০৫০০ দশ হাজার পাঁচ শত টাকা।

লেখক—শ্রীগঙ্গাপ্রসাদ সেন
৬ ওল্ড পোঃ আঃ ষ্ট্রীট্, কলিকাতা।
ইসাদি—শ্রীহরিদাস দত্ত
শ্রীগৌরমাধব দত্ত
১ সিকদারপাড়া লেন, কলিকাতা।

(স্বাক্ষর) শ্রীপুলিনবিহারী দত্ত
(Sd Illegible)
17-5-29
Registrar of Assurances,
Calcutta.

---

স্যর শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয়ের

—সপ্ততিতম জন্মতিথি উপলক্ষে—

## অভিনন্দন

কল্যাণভাজন স্যর জগদীশ,

ভগবানের কৃপায় আপনি আজ সত্তর বৎসর অতিক্রম করিয়া একাত্তর বৎসরে পড়িতেছেন। সত্তর বৎসরে যমরাজের নাম "ভীমরথ", সেই জন্য সত্তর বৎসরের পর লোকের ভীমরথী হয়। আপনার সেরূপ কিছুই হয় নাই। ইহা যে শুধু আপনারই সৌভাগ্য এবং আমাদেরই সৌভাগ্য, এমন নহে; ইহা জগতের সৌভাগ্য। কারণ, এখন আপনি আর শুধু আমাদের ন'ন—সমস্ত জগতের স্যর জগদীশচন্দ্র বসু।

আমাদের অতিশয় সঙ্কট সময়ে আপনি সভাপতিত্ব করিয়া আমাদের উদ্ধার করিয়াছিলেন; সে জন্য আমরা সকলেই মনে মনে আপনার পূজা করিয়া থাকি। তাই আজ এই শুভ দিনে আপনার নিকট উপস্থিত হইয়া, আপনার মঙ্গল কামনা করিতেছি এবং ঈশ্বরের নিকট প্রার্থনা করিতেছি, আপনি শতায়ু হউন। ইতি

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
কলিকাতা।
বঙ্গাব্দ ১৩৩৫।১৫ই অগ্রহায়ণ।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পক্ষ হইতে
শুভার্থী
শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
সভাপতি।

---

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টাদশ অধিবেশনে

(মাজু গ্রামে) গৃহীত প্রস্তাবসমূহ :—

**১ম প্রস্তাব**—মঙ্গলাচরণ।

**২য়** „ —সাহিত্যিক ও সাহিত্যবন্ধুগণের পরলোকগমনে শোকপ্রকাশ।

**৩য়** „ এই বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রস্তাব করিতেছেন যে, যথাসম্ভব ক্ষিপ্রতার সহিত ভারতচন্দ্র রায় গুণাকরের একখানি পূর্ণাঙ্গ জীবনী এবং তাঁহার সম্পূর্ণ গ্রন্থাবলীর একটি

উৎকৃষ্ট সংস্করণ প্রকাশের ব্যবস্থা করা হউক এবং নিম্নলিখিত সদস্যগণকে লইয়া এতদর্থে একটি সমিতি গঠিত করা হউক। অনধিক তিন বৎসরের মধ্যে যাহাতে এই জীবনী ও গ্রন্থাবলী প্রকাশ করা হয়, তাহার ব্যবস্থা করা হউক এবং এই সম্বন্ধে অর্থ সংগ্রহাদি যাবতীয় কার্য্যের ভার সমিতিকে দেওয়া হউক। সমিতি দুই মাসের মধ্যে লোক নিযুক্ত করিবেন এবং কার্য্যের ব্যবস্থা করিবেন এবং তাঁহাদের কার্য্য-বিবরণ সম্মিলন-পরিচালন-সমিতির নিকট প্রেরণ করিবেন। আবশ্যক বোধ হইলে সমিতি নিজ সভ্যসংখ্যা বৃদ্ধি করিতে পারিবেন।

আরও স্থির হইল যে, এই সম্মিলনের অধিবেশন সংক্রান্ত যাবতীয় ব্যয় সঙ্কুলানের পর যে অর্থ উদ্বৃত্ত থাকে, তাহা এই ভাণ্ডারে দেওয়া হইবে।

নিম্নলিখিত সদস্যগণকে লইয়া (ক) কার্য্যকরী সমিতি ও (খ) সম্পাদক-সঙ্ঘ গঠিত হইল,—

(ক) কার্য্যকরী সমিতি—

শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—কোষাধ্যক্ষ।
,, মোহিনীমোহন ভট্টাচার্য্য—সম্পাদক।
,, হরলাল মজুমদার—সহকারী সম্পাদক।
,, অনিলকুমার সরকার।
,, ফণিভূষণ দত্ত।
,, প্রভাকর মুখোপাধ্যায়।
,, রতিকান্ত ভট্টাচার্য্য।

(খ) সম্পাদক-সঙ্ঘ—

শ্রীযুক্ত ডাঃ দীনেশচন্দ্র সেন রায় বাহাদুর।
,, ডাঃ সুবোধচন্দ্র মুখোপাধ্যায়।
,, ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
,, ডাঃ রমেশচন্দ্র মজুমদার।
,, নলিনীরঞ্জন পণ্ডিত।
,, রতিকান্ত ভট্টাচার্য্য।

চতুর্থ প্রস্তাব—

(ক) বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন "রমেশ-ভবন" নির্ম্মাণকল্পে সমস্ত সাহিত্যসেবী ও সাহিত্যানুরাগী ব্যক্তিগণের সাহায্য প্রার্থনা করিতেছেন।

(খ) রাধানগরে মহাত্মা রাজা রামমোহন রায় মহোদয়ের স্মৃতি-মন্দিরের নির্ম্মাণকার্য্য সম্পূর্ণ করিবার জন্য সাহায্য করিতে সমগ্র ভারতবাসী সাহিত্যিক, সাহিত্যানুরাগী এবং স্বর্গীয় মহাত্মার গুণমুগ্ধ ও অনুরাগী ব্যক্তি মাত্রকেই এই সম্মিলন অনুরোধ করিতেছেন।

(গ) কাঁটালপাড়ায় বঙ্কিম-ভবনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের উপযুক্ত স্মৃতি রক্ষার ব্যবস্থা করা হউক এবং তজ্জন্য একটি স্মৃতি-সমিতি গঠিত হউক।

পঞ্চম প্রস্তাব—

হিন্দু ও মুসলমান লেখকগণ যাহাতে নিজ নিজ প্রাচীন সাহিত্য, ইতিহাস প্রভৃতি হইতে উৎকৃষ্ট তথ্যাদিপূর্ণ গ্রন্থাদি বাঙ্গালা ভাষায় লিখিয়া প্রকাশ করেন এবং তাঁহারা এমন ভাবে গ্রন্থাদি লেখেন, যাহাতে হিন্দু ও মুসলমানসম্প্রদায়ের মধ্যে প্রীতি ও সৌহার্দ্দ্য বর্দ্ধিত হয়, তজ্জন্য বঙ্গীয়-সাহিত্য সম্মিলন হিন্দু ও মুসলমান লেখকগণকে অনুরোধ করিতেছেন।

**ষষ্ঠ প্রস্তাব—**

বঙ্গভাষা ও সাহিত্যের উন্নতিকল্পে দেশমধ্যে বহুসংখ্যক সাধারণ গ্রন্থশালা, পাঠাগার ও প্রচারণ (Circuleting) পাঠাগার স্থাপন করিবার জন্ত সমস্ত ডিষ্ট্রীক্ট বোর্ড, মিউনিসিপ্যালিটি ও ইউনিয়ন বোর্ডকে এবং ইংরেজি স্কুল ও কলেজ-সংশ্লিষ্ট লাইব্রেরী বা পাঠাগারে উপযুক্ত-সংখ্যক উচ্চ শ্রেণীর সুপাঠ্য বাঙ্গালা গ্রন্থ রাখিবার জন্ত শিক্ষা-বিভাগের কর্ত্তৃপক্ষকে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন অনুরোধ করিতেছেন।

**সপ্তম প্রস্তাব—**

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন পূর্ব্ব পূর্ব্ব অধিবেশনে গৃহীত মন্তব্যের অনুমোদন করিয়া প্রকাশ করিতেছেন যে, এই সম্মিলনের মতে বঙ্গদেশে বঙ্গভাষাকেই কি উচ্চ, কি নিম্ন, সকল প্রকার শিক্ষারই বাহন করা উচিত। এই সম্মিলন বিবেচনা করেন যে, শিক্ষার উন্নতির জন্ত বঙ্গভাষা ও সাহিত্যের প্রচারার্থ নিম্নলিখিত উপায়গুলি অবলম্বিত করা আবশ্যক।

( ক ) অধ্যাপকগণ ইচ্ছা করিলে কলেজে বাঙ্গালা ভাষায় অধ্যাপনা করিতে পারিবেন এবং ছাত্রেরাও প্রশ্নের উত্তর বাঙ্গালা ভাষায় দিতে পারিবেন—এইরূপে ব্যবস্থা হওয়া উচিত।

( খ ) দর্শন, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে উপযুক্ত ব্যক্তি দ্বারা বাঙ্গালা ভাষায় উচ্চশিক্ষা বিস্তারোপযোগী বক্তৃতা করাইবার ও সেই সমস্ত বক্তৃতা গ্রন্থাকারে প্রকাশিত করিবার ব্যবস্থা করা উচিত।

( গ ) বঙ্গভাষায় উপযুক্ত ব্যক্তিদিগের দ্বারা নানা বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থপ্রণয়ন এবং সংস্কৃত, আরবী, পার্শী ও ভারতীয় বিভিন্ন প্রাদেশিক ভাষায় লিখিত এবং বিদেশীয় ভাষায় লিখিত ভিন্ন ভিন্ন সদ্‌গ্রন্থের বঙ্গানুবাদ প্রকাশ করার ব্যবস্থা করা উচিত।

( ঘ ) বঙ্গভাষায় লিখিত প্রাচীন গ্রন্থাবলীর উদ্ধার ও প্রচার করিবার ব্যবস্থা করা উচিত।

( ঙ ) দেশের প্রাচীন ইতিহাস, আচার-ব্যবহার, কিংবদন্তী প্রভৃতির উদ্ধার সাধন ও প্রচারের সুব্যবস্থা করা উচিত।

উপরিউক্ত মন্তব্যের প্রতিলিপি সম্মিলনের সভাপতির স্বাক্ষরযুক্ত হইয়া কলিকাতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষের এবং ঢাকা ইণ্টারমিডিয়েট ও সেকেণ্ডারী বোর্ড অব এডুকেশনের নিকট প্রেরিত হউক।

**অষ্টম প্রস্তাব—**

এই বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন সিদ্ধান্ত করিতেছেন যে, বাঙ্গালা দেশে কৃষিবিষয়ক পত্রিকা অধিক পরিমাণে সাধারণের বোধগম্যরূপে যাহাতে প্রচারিত হয় এবং এ বিষয়ে অনুসন্ধান ও মৌলিক গবেষণা করিয়া পুস্তকাদি প্রচার করা হয়, তদ্বিষয়ে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন সাধারণের দৃষ্টি আকর্ষণ করিতেছেন।

**নবম প্রস্তাব—**

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রস্তাব করিতেছেন যে, বঙ্গদেশের প্রত্যেক জেলার প্রাচীন ইতিহাস, সাহিত্য, কিংবদন্তী, কৃষি-কথা, ব্রতকথা, উপকথা প্রভৃতি, বিভিন্ন জাতির আচার-

ব্যবহার, প্রাদেশিক শব্দ এবং প্রাচীন ও আধুনিক জ্ঞাতব্য বিষয়সমূহ সংগ্রহ করিবার জন্য প্রত্যেক জেলায় একটি করিয়া সমিতি গঠিত করা হউক। হাওড়া জেলায় এই কার্য্য করিবার জন্য হাওড়াবাসীকে অনুরোধ করা হউক এবং প্রতি বৎসর সম্মিলনের অধিবেশনে এই সমিতিগুলিকে তাহাদের কার্য্যবিবরণ উপস্থাপিত করিবার জন্য অনুরোধ করা হউক।

## দশম প্রস্তাব—

প্রত্যেক জেলায় ঐতিহাসিক তথ্য, উদ্ভিদ্‌তত্ত্ব, জীবতত্ত্ব ও পুরাতত্ত্ব সংগ্রহের জন্য জেলা বোর্ডগুলি শিক্ষা-সংক্রান্ত সাহায্য ( Grant ) হইতে অথবা আবশ্যক হইলে এই উদ্দেশ্যে গবর্মেণ্টের নিকট হইতে শিক্ষা-সংক্রান্ত ব্যয়ের জন্য অতিরিক্ত অর্থ হইতে প্রতি বৎসর কতক টাকা নির্দ্দিষ্ট করিয়া রাখুন। এই কার্য্যে শিক্ষা দিবার জন্য অন্ততঃ প্রতি বৎসর দশ জন করিয়া ছাত্র ভারত গবর্মেণ্টের প্রত্নতত্ত্ব, উদ্ভিদ্-তত্ত্ব ও জীব-তত্ত্ব বিভাগের নির্দ্দেশ মত যাহাতে শিক্ষা লাভ করিবার সুযোগ পায়, তাহার ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করা হউক। এতদ্ব্যতীত ডিষ্ট্রীক্‌ট-বোর্ডের কর্ত্তৃপক্ষগণকে অনুরোধ করা হউক, যেন তাঁহারা স্ব স্ব জেলার প্রত্নতত্ত্ব, পুরাতত্ত্ব, জীবতত্ত্ব ও উদ্ভিদ্-তত্ত্ব সংক্রান্ত যাবতীয় দ্রব্যাদি সংগ্রহ করেন ও সংগ্রহ করিবার জন্য উপযুক্ত ব্যবস্থা করেন।

## একাদশ প্রস্তাব—

বঙ্গদেশে যে সকল মেডিক্যাল স্কুল, ইঞ্জিনিয়ারিং ও সার্ভে স্কুল আছে এবং ভবিষ্যতে স্থাপিত হইবে, তৎসমুদয়ে অধ্যয়ন, অধ্যাপনা ও পরীক্ষা গ্রহণ বঙ্গভাষায় প্রবর্ত্তিত করা হউক। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন গবর্মেণ্টকে এইরূপ ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করিতেছেন।

## দ্বাদশ প্রস্তাব—

সম্মিলন-পরিচালন-সমিতিকে একটি স্থায়ী বৈজ্ঞানিক পরিভাষা-সমিতি গঠন করিবার জন্য অনুরোধ করা হউক। এই শাখা-সমিতি প্রতি মাসে যে সকল বৈজ্ঞানিক গ্রন্থ ও প্রবন্ধ প্রকাশিত হয়, তাহার একটি নির্ঘণ্ট প্রস্তুত করিবেন এবং তাঁহাদিগের মন্তব্য সহ প্রতি বার্ষিক অধিবেশনে সেই নির্ঘণ্ট আলোচনার জন্য উপস্থিত করিবেন।

## ত্রয়োদশ প্রস্তাব—

সাহিত্যিক, ঐতিহাসিক, বৈজ্ঞানিক এবং বিষয়ান্তরের আলোচনাকারীদিগের আলোচনার সুবিধার জন্য প্রতি বর্ষে বাঙ্গালার সাহিত্য, ইতিহাস, ধর্ম্ম, আচার, ভাষাতত্ত্ব প্রভৃতি বিষয়ে বাঙ্গালা অথবা অন্য ভাষায় প্রকাশিত প্রবন্ধ ও গ্রন্থসমূহের এক একটি তালিকা প্রস্তুত করিবার ব্যবস্থা করিবার জন্য সম্মিলন-পরিচালন-সমিতির উপর ভার দেওয়া হউক। সম্ভবপর হইলে এই তালিকা প্রতি বৎসর সম্মিলনে উপস্থাপিত করা হইবে। পরিচালন-সমিতি এই কার্য্যের জন্য একটি সমিতি গঠন করিয়া দিবেন। এই সমিতির সভ্যগণের মধ্যে এক বা অধিক ব্যক্তিকে এক এক বিষয়ের তালিকা সংগ্রহের ভার দেওয়া হউক।

## চতুর্দ্দশ প্রস্তাব—

সম্মিলন-সাধারণ-সমিতি-গঠিত হয়।

## ১৩৩৫ বঙ্গাব্দের

## বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সাধারণ তহবিল, স্থায়ী-তহবিল ও বিভিন্ন গচ্ছিত তহবিলের আয়-ব্যয়-বিবরণ

### ( আয় )

| | বিবরণ | সাধারণ তহবিল | স্থায়ী তহবিল | বিভিন্ন গচ্ছিত তহবিল | মোট আয় |
|---|---|---|---|---|---|
| ১ | চাঁদা ... ... | ৬৫৫০৲ | .. | ... | ৬৫৫০৲ |
| ২ | প্রবেশিকা ... ... | ৪৭৲ | . | ... | ৪৭৲ |
| ৩ | পুস্তক ও গ্রন্থাবলী বিক্রয় . | ৩১৭৲ | ... | ১৪০৷৶৬ | ৪৫৭৷৶৬ |
| ৪ | পত্রিকা বিক্রয় .. .. | ৭২১৷৵০ | | ... | ৭২১৷৵০ |
| ৫ | বিজ্ঞাপনের আয় . .. | ২০০৲ | . | ... | ২০০৲ |
| ৬ | সুদ আদায় . ... | ৮৫৶০ | ২৪৫৸০ | ৮০৭৸০ | ১১৩৮॥৶০ |
| ৭ | এককালীন দান ... ... | ১৯০৯৻৬ | . | ... | ১৯০৯৻৬ |
| ৮ | গভর্ণমেণ্টের বার্ষিক সাহায্য ... | ১২০০৲ | ... | ... | ১২০০৲ |
| ৯ | মিউনিসিপালিটীর বার্ষিক সাহায্য ... | ৬৫০৲ | ... | ... | ৬৫০৲ |
| ১০ | স্মৃতিরক্ষার নগদ আয় | ... | ... | ৮৫৲ | ৮৫৲ |
| ১১ | পুস্তক বিক্রয়ের খরচ আদায় . | ২৫৷৴০ | ... | ... | ২৫৷৴০ |
| ১২ | বিবিধ আয় .. . | ৩১॥০ | ... | . | ৩১॥০ |
| ১৩ | হাওলাত আদায় . | ৫২৬৯ | ... | ৩৫০৲ | ৮৭৬৯ |
| ১৪ | হাওলাত জমা ... | ৩৫০৲ | | ২২৬॥০ | ৪৮৬॥০ |
| ১৫ | আমানত জমা ... ... | ১৬৲ | . | .. | ১৬৲ |
| ১৬ | সংবর্দ্ধনার আয় ... ... | ১০১৲ | ... | ... | ১০১৲ |
| ১৭ | পদক ও পুরস্কার ... ... | ৪৫৲ | ... | ... | ৪৫৲ |
| ১৮ | বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন .. . | ২২৲ | ... | ... | ২২৲ |
| | মোট | ১২৭৯৬৷৶৩ | ২৪৫৸০ | ১৬১৯॥৶৬ | ১৪৬৬২৵৯ |

( ব্যয় )

| | বিবরণ | সাধারণ তহবিল | স্থায়ী তহবিল | বিভিন্ন গচ্ছিত তহবিল | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১ | গ্রন্থাবলী মুদ্রণ ... | ৩১৫৭৷৷৵৩ | | ৬৬০৷/৯ | ৩৮১৮৷০ |
| ২ | পত্রিকাদি মুদ্রণ ... | ১৩২৫৵৯ | | . | ১৩২৫৵৯ |
| ৩ | পুস্তকালয় .. .. | ২০৮১৷৷৶৬ | .. | | ২০৮১৷৷৶৬ |
| ৪ | পুথিশালা ... | ২৮৮৷/৬ | ... | ... | ২৮৮৷/৬ |
| ৫ | চিত্রশালা | ৪৯২৮৶৩ | ... | ... | ৪৯২৸৶৩ |
| ৬ | বিবিধ মুদ্রণ ... ... | ১৮৪৷৵৩ | ... | . | ১৮৪৷৵৩ |
| ৭ | ডাকমাশুল .. ... | ৬২৯৷/৬ | ... | ... | ৬২৯৷/৬ |
| ৮ | বাড়ী মেরামত ... ... | ৩৮৪০৷৩ | . . | . . | ৩৮৪০৷৩ |
| ৯ | ইলেক্‌ট্রিক আলোক ও পাখার বিল.. | ২০৩৲ | ... | .. | ২০৩৲ |
| ১০ | ,, তার বদল ও মেরামতি বিল | ১০২৲ | ... | ... | ১০২৲ |
| ১১ | ভৃত্যদিগের ঘর ভাড়া . | ৬০৲ | ... | .. | ৬০৲ |
| ১২ | ,, পোষাক .. | ১৫৸০ | .. | ... | ১৫৸০ |
| ১৩ | দপ্তর সরঞ্জামী .. .. | ১১১৷/০ | ... | ... | ১১১৷/০ |
